# এনডিপি বার্তা

জানুয়ারি-মার্চ, ২০২৫। সংখ্যা ৪৩। বর্ষ ১৭

## সূ চি প ত্র


- এনডিপি'র ৩৪তম প্রতিষ্ঠা বার্ষিকী উদযাপন ১
- স্মার্ট প্রকল্পের কার্যক্রম পরিদর্শন করেন পিকেএসএফ এর উপ-ব্যবস্থাপনা পরিচালক-২
- মহিলা বিষয়ক অধিদপ্তরের মহাপরিচালক (গ্রেড-১) কর্তৃক কার্যক্রম পরিদর্শন
- সিরাজগঞ্জ জেলা প্রাণি সম্পদ কর্মকর্তাকে নতুন বছরের শুভেচ্ছা ২
- বিশ্ব ব্যাংক ও পিকেএসএফ কর্তৃক কার্যক্রম পরিদর্শন
- ইআরসিসিপি প্রকল্প কর্তৃক অর্থ সহায়তা প্রদান
- আন্তর্জাতিক নারী দিবস ২০২৫ উদযাপন ৩
- AA-Flood ও SRSP প্রকল্পের প্রোগ্রাম শেয়ারিং এবং ওরিয়েন্টেশন
- স্মার্ট-তাঁত উপ-প্রকল্পের অবহিতকরণ সভা
- জানুয়ারি-মার্চ ২০২৫ খ্রিষ্টাব্দ সময়ের মধ্যে যেসব প্রকল্প শুরু/শেষ হয়েছে ৪
- RIP প্রকল্প এর উদ্যোগে দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির ToT
- হিউম্যান রাইটস ডিফেন্ডারস নেটওয়ার্কের জেলা পর্যায়ে অ্যাডভোকেসি মিটিং
- প্রবীণ কল্যাণ কর্মসূচির উদ্যোগে প্রবীণদের মিলন মেলা ৫
- আরএমটিপি প্রকল্পের অনলাইন দক্ষতা উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ
- Anticipatory Action RCT Project in Bngladesh প্রকল্পের ইনসেপশন সভা
- এক নজরে ঋণ সহায়তা কর্মসূচির অগ্রগতি ৬
- SMART-ডেইরী প্রকল্পের আওতায় দিনব্যাপী স্টাফ ওরিয়েন্টেশন ও প্রশিক্ষণ
- কৃষি ইউনিটের উদ্যোগে জাতীয় নিরাপদ খাদ্য দিবস -২০২৫ উদযাপন
- ইসিসিসিপি (ড্রট) প্রকল্পের 'খরা সহিষ্ণু ফল ও ফসলের চাষাবাদ বিষয়ক প্রশিক্ষণ' ৭
- নির্বাহী পরিচালকের পক্ষ হতে ঈদ উপহার
- সিআরইএ প্রকল্পের আওতায় 'ধর্ষকদের দৃষ্টান্তমূলক বিচারের দাবিতে' মানববন্ধন
- পাবনায় সমৃদ্ধি কর্মসূচির 'স্বাস্থ্য ক্যাম্প' ৮
- Anticipatory Action-2025 প্রকল্পের ওরিয়েন্টেশন ও কনসালটেশন মিটিং
- কামারখন্দে সমৃদ্ধি কর্মসূচির আওতায় স্বাস্থ্যসেবা ক্যাম্প
- আশা প্রকল্পের উদ্যোগে প্রাথমিক বিদ্যালয়ে শিশু বরন ও মা সমাবেশ ৯
- আলোকিত গ্রাম কর্মসূচি'র উদ্যোগে শিক্ষা উপকরণ বিতরণ
- কৃষি ইউনিটের প্রাণিসম্পদ পরামর্শ কেন্দ্র
- প্রতিবন্ধী ও প্রবীণ ব্যক্তিদের জন্য নাসিমা আলাউদ্দিন হাসপাতালে চক্ষু ক্যাম্প ১০
- জেন্ডার এন্ড রাইটস্ কর্মসূচির কমিউনিটি লিডারশীপ ওয়ার্কশপ
- এলআরএমপি প্রকল্পের গাভী পালন ও ফডার উৎপাদনের খামার দিবস
- শিক্ষা সহায়তা কর্মসূচির ত্রৈমাসিক সমন্বয় সভা ১১
- 'মিল্ক ফর স্কুল' কার্যক্রমের আওতায় ১২৫০ ছাত্র-ছাত্রীকে স্কুল ব্যাগ বিতরণ ১২


## সম্পাদনা পরিষদ

**সম্পাদক ঃ**
মোঃ আলাউদ্দিন খান
নির্বাহী পরিচালক

**প্রণয়নে ঃ**
মোঃ আতিকুর রহমান
ব্যবস্থাপক (রিসার্চ এন্ড ডকুমেন্টেশন)
মোঃ জানাফার ইসলাম
সহকারী ব্যবস্থাপক (রিসার্চ এন্ড ডকুমেন্টেশন)

**প্রকাশনায় ঃ**
রিসার্চ এন্ড ডকুমেন্টেশন বিভাগ
ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি)

## এনডিপি'র ৩৪তম প্রতিষ্ঠা বার্ষিকী উদযাপন




এনডিপি'র সম্মানিত চেয়ারপারসন, নির্বাহী পরিচালক এবং জেলা ও উপজেলা প্রশাসন এর কর্মকর্তাবৃন্দ

জাতীয় পর্যায়ের অন্যতম বেসরকারি উন্নয়ন সংস্থা ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) গৌরবময় পথচলার ৩৪তম বছরে পদার্পণ করেছে। এ উপলক্ষে ২০২৫ সালের ১১ জানুয়ারি এনডিপির প্রধান কার্যালয়সহ দেশের ২০টি জেলায় ১২২টি শাখা কার্যালয়ে একযোগে আয়োজন করা হয় বর্ণাঢ্য প্রতিষ্ঠাবার্ষিকী উদ্‌যাপন অনুষ্ঠান।

সংস্থার প্রধান কার্যালয়, আয়োজিত অনুষ্ঠানে এক আনন্দঘন পরিবেশে কেক কেটে প্রতিষ্ঠাবার্ষিকীর শুভ সূচনা করেন সিরাজগঞ্জের অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) গনপতি রায়। এ সময় অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কামারখন্দ উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) অনামিকা নজরুল এবং জেলা প্রশাসনের সিনিয়র সহকারী কমিশনার (আরএম শাখা) মারুফ আফজাল রাজন।

অনুষ্ঠানে প্রধান অতিথি তার বক্তব্যে এনডিপির প্রশংসা করে বলেন, "সরকারের উন্নয়ন কার্যক্রমের পাশাপাশি এনডিপি দীর্ঘদিন ধরে তৃণমূল পর্যায়ের দরিদ্র ও পিছিয়ে পড়া জনগোষ্ঠীর উন্নয়নে উল্লেখযোগ্য ভূমিকা পালন করে আসছে। এই প্রতিষ্ঠানের কর্মপ্রচেষ্টা সত্যিই প্রশংসনীয়।" তিনি সংস্থার উত্তরোত্তর সমৃদ্ধি ও সফলতা কামনা করেন এবং এর প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক মো. আলাউদ্দিন খানকে আন্তরিক ধন্যবাদ জানান।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন এনডিপির প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক মো. আলাউদ্দিন খান। তিনি তার বক্তব্যে প্রতিষ্ঠার শুরু থেকে বর্তমান সময় পর্যন্ত এনডিপির কার্যক্রম, অর্জন এবং ভবিষ্যৎ পরিকল্পনার ওপর আলোকপাত করেন। একই সঙ্গে তিনি সকল কর্মকর্তার প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন যাদের কঠোর পরিশ্রম ও নিষ্ঠার ফলে এনডিপি আজ দেশের অন্যতম স্বনামধন্য উন্নয়ন সংস্থায় পরিণত হয়েছে।

এছাড়াও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন এনডিপির নির্বাহী পরিষদের চেয়ারপারসন আলেয়া আকতার বানু, নির্বাহী পরিষদের সম্মানিত সদস্যবৃন্দ, সংস্থার পরিচালকবৃন্দ, বিভিন্ন বিভাগের উর্ধ্বতন কর্মকর্তা, কর্মচারী, পরামর্শক, শুভানুধ্যায়ী ও সাংবাদিকবৃন্দ।

সারা দেশের শাখা কার্যালয়গুলোতেও স্থানীয় প্রশাসনের প্রতিনিধি, জনপ্রতিনিধি, শিক্ষক, এনজিও প্রতিনিধি, সুবিধাভোগী ও কমিউনিটি সদস্যদের অংশগ্রহণে কেক কাটা, আলোচনা সভা ও সাংস্কৃতিক পরিবেশনার মাধ্যমে দিনটি উদ্‌যাপন করা হয়।

এনডিপি বিগত তিন দশকের বেশি সময় ধরে শিক্ষা, স্বাস্থ্য, নারীর ক্ষমতায়ন, জলবায়ু সহনশীলতা, সুশাসন, মানবাধিকার এবং ক্ষুদ্রঋণ কার্যক্রমসহ বহুমাত্রিক খাতে সফলভাবে কার্যক্রম পরিচালনা করে আসছে। প্রতিষ্ঠাবার্ষিকীর এই বর্ণাঢ্য আয়োজন ছিল সংস্থার অতীতের অর্জনকে স্মরণ এবং ভবিষ্যতের জন্য আরও উদ্দীপ্ত হয়ে এগিয়ে যাওয়ার এক অনন্য উপলক্ষ্য।

অগ্রযাত্রার ৩৪ বছর

## স্মার্ট প্রকল্পের কার্যক্রম পরিদর্শন করেন পিকেএসএফ এর উপ-ব্যবস্থাপনা পরিচালক-২


বক্তব্য দিচ্ছেন পিকেএসএফ এর উপ-ব্যবস্থাপনা পরিচালক-২ জনাব মো. মশিয়ার রহমান

সাসটেইনেবল মাইক্রোএন্টারপ্রাইজ এন্ড রেজিলিয়্যান্ট ট্রান্সফরমেশন (স্মার্ট-লুম) প্রকল্পের কার্যক্রম পরিদর্শন করেছেন পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর একটি প্রতিনিধি দল। পিকেএসএফ এর উপ-ব্যবস্থাপনা পরিচালক-২ মো. মশিয়ার রহমানের নেতৃত্বে প্রতিনিধি দলে উপস্থিত ছিলেন মহা-ব্যবস্থাপক (কার্যক্রম) ও প্রকল্প সমন্বয়কারী (স্মার্ট) গোকুল চন্দ্র বিশ্বাস, উপ-মহাব্যবস্থাপক (কার্যক্রম) মো. আশরাফুল হক, উপ-মহাব্যবস্থাপক (কার্যক্রম) মো. হুমায়ন কবির, সহকারী মহাব্যবস্থাপক (কার্যক্রম) রেজানুর রহমান তরফদার, সহকারী মহাব্যবস্থাপক (কার্যক্রম) আবুল কালাম আজাদ, সহকারী মহাব্যবস্থাপক (কার্যক্রম) মো. আজমল হক খান, সহকারী মহাব্যবস্থাপক (কার্যক্রম) উম্মে কুলসুম, সহকারী মহাব্যবস্থাপক (কার্যক্রম) মো. রওশন হাবীব, ব্যবস্থাপক (কার্যক্রম) আবু হায়াৎ মো. রাহাত হোসেন, ব্যবস্থাপক (কার্যক্রম) আকমল উদ্দিন, সিনিয়র প্রোগ্রাম ম্যানেজার (মনিটরিং এন্ড ইভ্যালুয়েশন) এস.এম. আশিকুর এলাহী, প্রোগ্রাম ম্যানেজার (টেক্সটাইল অ্যান্ড ফ্যাশন) শরীফ নওয়াজ ও প্রোগ্রাম ম্যানেজার (কমিউনিকেশন এন্ড নলেজ ম্যানেজমেন্ট) আলাল আহমেদ।

প্রতিনিধি দলটি ১৯ ফেব্রুয়ারি ২০২৫ তারিখে প্রকল্পের আওতায় বাস্তবায়িত বিভিন্ন কার্যক্রমের অংশ হিসেবে বেলকুচি উপজেলার তামাই গ্রামে নির্মিত মিনি ইটিপি, আরইসিপি বাস্তবায়িত হয়নি এমন দুইটি কারখানা, র‍্যাপিয়ার পাওয়ার লুম প্রশিক্ষণ কার্যক্রম, ন্যাচারাল ডাইং ও পাইকোশা গ্রামে কারখানা ও আরইসিপি বাস্তবায়নের অগ্রগতি পর্যবেক্ষণ করেন। এসময় উপকারভোগীদের সাথে প্রতিনিধিদলটি মত বিনিময় করেন। মাঠ পর্যায়ের কার্যক্রম পরবর্তীতে এনডিপি'র প্রধান কার্যালয়ে একটি ওয়ার্কশপের আয়োজন করা হয়। এতে পিকেএসএফ এর প্রতিনিধি দল, এনডিপি'র সিনিয়র ম্যানেজমেন্ট, প্রকল্পের কর্মকর্তাবৃন্দ ও স্টেকহোল্ডারবৃন্দ উপস্থিত ছিলেন।

এর পূর্বে ১৮ ফেব্রুয়ারি প্রতিনিধি দলকে এনডিপি'র প্রধান কার্যালয়ে স্বাগত জানান সংস্থার প্রতিষ্ঠাতা নির্বাহী পরিচালক মো. আলাউদ্দিন খান। অতপর এনডিপি'র কার্যক্রম ও প্রকল্প সম্পর্কিত পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন উপস্থাপন করেন এনডিপি'র পরিচালক (প্রোগ্রাম এন্ড প্ল্যানিং) এবিএম সাজ্জাদ হোসেন।

## মহিলা বিষয়ক অধিদপ্তরের মহাপরিচালক (গ্রেড-১) কর্তৃক মা ও শিশু সহায়তা কর্মসূচির কার্যক্রম পরিদর্শন

মা ও শিশু সহায়তা কর্মসূচির কার্যক্রম পরিদর্শন করছেন মহিলা বিষয়ক অধিদপ্তরের মহাপরিচালক (গ্রেড-১) কেয়া খান। ১২ জানুয়ারি ২০২৫ তারিখে নেত্রকনা জেলার মোহনগঞ্জ উপজেলার মা ও শিশু সহায়তা কর্মসূচির 'লার্নিং হাব' পরিদর্শন করেন। এসময় অতিরিক্ত সচিব জাকিয়া আফরোজ, উপপরিচালক (প্রশাসন) নিলুফার রহমান, বিশ্ব খাদ্য কর্মসূচির প্রোগ্রাম পলিসি অফিসার মামুনুর রশিদ ও এনডিপি'র পরিচালক (প্রোগ্রাম এন্ড প্ল্যানিং) এবিএম সাজ্জাদ হোসেন উপস্থিত ছিলেন।


সেশন পরিচালনা করছেন মোহনগঞ্জ উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডা. আব্দুর রহিম

পরিদর্শনের প্রথম অংশ হিসেবে কেয়া খান সকাল ১১ টায় মোহনগঞ্জ পৌরসভার দেওথান গ্রামে অবস্থিত লার্নিং হাব পরিদর্শন করেন, যেখানে স্থানীয় "সূর্যমুখী থিয়েটার" গ্রুপ একটি পথ নাটক পরিবেশন করে। নাটকটি মা ও শিশুর জন্য বিভিন্ন সচেতনতা বৃদ্ধি বিষয়ক বার্তা তুলে ধরে। এর মাধ্যমে, লার্নিং হাবের কার্যক্রমের পাশাপাশি স্থানীয়দের মধ্যে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে মঞ্চস্থ এক মনোমুগ্ধকর পরিবেশনা উপস্থাপন করা হয়। এরপর দুপুর ১২ টায় মাঘান ইউনিয়নের কার্যক্রম পরিদর্শন করেন। ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোক্তা মোশারফ হোসেন ভাতাভোগী আবেদনের প্রক্রিয়া সরেজমিনে দেখান। সেখানে প্রতিনিধি দলটি মাঘান ইউনিয়ন এমসিবিপি কমিটির মাসিক সভায় অংশগ্রহণ করেন এবং কমিটির সদস্যদের সাথে আলোচনা করেন।

দুপুর ১ টায় বরকাশিয়া ইউনিয়নের বিরামপুর গ্রামে মা ও শিশুদের জন্য "রান্নার সঠিক পদ্ধতি এবং শিশুর সাথে খেলা" বিষয়ে পরিচালিত এসবিসিসি (সোশ্যাল বিহেভিয়ার চেঞ্জ কমিউনিকেশন) সেশন পরিদর্শন করেন। যেখানে স্বাস্থ্যসম্মত রান্না ও শিশুদের সঙ্গে খেলার সঠিক পদ্ধতি সম্পর্কে প্রশিক্ষণ প্রদান করা হয়।

## সিরাজগঞ্জ জেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে এনডিপি এগ্রো ইন্ডাস্ট্রিজ পক্ষ থেকে নতুন বছরের শুভেচ্ছা



জেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে শুভেচ্ছা উপহার তুলে দিচ্ছেন এগ্রো ইন্ডাস্ট্রিজ লিঃ এর মহা-ব্যবস্থাপক

সিরাজগঞ্জ জেলা প্রাণিসম্পদ কর্মকর্তার সাথে সৌজন্য সাক্ষাত করেছেন এনডিপি এগ্রো ইন্ডাস্ট্রিজ লিঃ এর মহা-ব্যবস্থাপক ও ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) এর উপ-পরিচালক আবু নাঈম মো. জুবায়ের খান। ০৭ জানুয়ারি ২০২৫ তারিখে সিরাজগঞ্জ জেলা প্রাণিসম্পদ কার্যালয়ে তিনি সৌজন্য সাক্ষাৎ করেন। এসময় জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডাঃ এ কে এম আনোয়ারুল হক ও অতিরিক্ত জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডা. আব্দুর রাজ্জাক এর নিকট এনডিপি এগ্রো ইন্ডাস্ট্রিজ এর পক্ষ থেকে নতুন বছরের শুভেচ্ছা উপহার তুলে দেন।

এসময় সিরাজগঞ্জ জেলার প্রাণিসম্পদ উন্নয়ন, গবাদি প্রাণি পালন, স্বাস্থ্য সুরক্ষা এবং খামারিদের সুরক্ষায় আধুনিক প্রযুক্তি প্রয়োগসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে আলোচনা করা হয়। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডাঃ এ কে এম আনোয়ারুল হক বলেন, "সিরাজগঞ্জ জেলার প্রাণিসম্পদ খাতের উন্নয়নে এনডিপি এর ভূমিকা গুরুত্বপূর্ণ এবং তাদের সহযোগিতা আমাদের জন্য অত্যন্ত মূল্যবান।" তিনি আরও বলেন, "এই ধরনের সহযোগিতা গবাদি প্রাণি উৎপাদন বৃদ্ধি এবং প্রাণিসম্পদের স্বাস্থ্য ব্যবস্থাপনা উন্নয়নে কার্যকরী ভূমিকা রাখবে।"

এসময় এনডিপি'র নিরীক্ষা বিভাগের সহকারী পরিচালক কে.এম. জাহাঙ্গীর আলম, আরএমটিপি প্রকল্প এর ব্যবস্থাপক মো. মাসুদ মন্ডল ও এনডিপি এগ্রো ইন্ডাস্ট্রিজ লিঃ এর ব্যবস্থাপক (মার্কেটিং এন্ড সেলস্) মো. শামছুল আলম উপস্থিত ছিলেন ।

## বিশ্ব ব্যাংক ও পিকেএসএফ কর্তৃক কার্যক্রম পরিদর্শন



বক্তব্য দিচ্ছেন বিশ্বব্যাংক এর সিনিয়র এনভায়রনমেন্ট স্পেশালিস্ট Eun Joo Allison Yi

২০ জানুয়ারি ২০২৫ তারিখে বিশ্ব ব্যাংক ও পিকেএসএফ এর একটি উচ্চ পর্যায়ের প্রতিনিধি দল ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) কর্তৃক বাস্তবায়নাধীন স্মার্ট তাঁত ও ডেইরী ২ টি প্রকল্পের কার্যক্রম পরিদর্শন করেন।

প্রতিনিধি দলটি দিনের শুরুতেই শাহজাদপুর উপজেলা প্রাণিসম্পদ অফিসে ডাঃ মোঃ বেলাল হোসেন, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, এনডিপির পরিচালক (পিএন্ডপি) এবং ফোকাল পার্সন স্মার্ট-ডেইরী, স্মার্ট-তাঁত, এলডিডিপি প্রকল্পের কর্মকর্তাদের সাথে শাহজাদপুর উপজেলায় বৃহৎ পরিসরে বায়োগ্যাস প্লান্ট স্থাপনের সম্ভাব্যতা যাচাইসংক্রান্ত আলোচনা সভায় অংশগ্রহণ করেন। আলোচনায় বিশ্ব ব্যাংক প্রতিনিধি দল ডেইরী ক্লাস্টারের বর্জ্য ব্যবস্থাপনার স্থায়ী সমাধান কল্পে বায়োগ্যাস প্লান্ট স্থাপন, ট্রাইকো কম্পোস্ট, ভার্মি কম্পোস্টসহ নানা বিষয়ে আলোচনা করেন। আলোচনা সভার পরবর্তীতে মাঠ পর্যায়ের বাস্তব অবস্থা পরিদর্শনের উদ্দেশ্যে প্রতিনিধি দলটি বাংলাদেশের সর্ববৃহৎ ডেইরি ক্লাস্টার রেশম বাড়ি পরিদর্শন করেন। এ সময় এলডিডিপি প্রকল্পের আওতায় রেশম বাড়ি গ্রামে মোঃ খালেক ফকির এর বাড়িতে স্থাপিত বায়ো গ্যাস প্ল্যান্ট পরিদর্শন করেন। এছাড়াও তারা স্মার্ট ডেইরী প্রকল্পের আওতায় প্রস্তাবিত দুই জন উদ্যোক্তার বায়োগ্যাস প্ল্যান্ট স্থাপনে সাম্ভব্য জায়গা পরিদর্শন করেন। অত্র ক্লাস্টারে এম.ই দের সাথে উঠান বৈঠক করেন এবং ৬-৭ জন এম.ই'র সাথে Resource Efficient Cleaner Production (RECP) নিয়ে আলোচনা করার পাশাপাশি তাদের বাড়ি ও খামার পরিদর্শন করেন।

প্রতিনিধি দলটি দিনের দ্বিতীয় ভাগে স্মার্ট-তাঁত প্রকল্পের কার্যক্রম পরিদর্শনের অংশ হিসেবে শুরুতেই সয়দাবাদ ইউনিয়নের বাঐতারা গ্রামের তরুণ উদ্যোক্তা তৌহিদের কারখানায় যান। এ সময় প্রকল্পের আওতায় কমন সার্ভিস র‍্যাপিয়ার পাওয়ার লুম পরিদর্শন করেন।

উল্লেখ্য রাজস্ব আয়কারী কমন সার্ভিস হিসেবে সিরাজগঞ্জের তাঁত ক্লাস্টারে র‍্যাপিয়ার পাওয়ার লুম প্রচলনের কর্মকাণ্ড হাতে নেওয়া হয়েছে এবং ইতোমধ্যে ৩ টি র‍্যাপিয়ার পাওয়ার লুম স্থাপনের কাজ চলছে। তারা কারখানায় প্রস্তাবিত RECP সার্থক বাস্তবায়নে নানা পরামর্শ প্রদান করেন। পরবর্তীতে উদ্যোক্তাদের সাথে প্রতিনিধি দলটি একটি উঠান বৈঠকে মিলিত হন। এসময় তারা সিরাজগঞ্জের তাঁত ও তাঁতীদের উন্নয়নে বিদ্যমান নানা সমস্যা ও তা সমাধানে করণীয় নানা বিষয়ে আলোচনা করেন। সিরাজগঞ্জের তাঁতের উন্নয়নে প্রতিনিধি দলটি প্রযুক্তি সম্প্রসারণ ও ডিজিটাল প্লাট ফর্ম ব্যবহারের পরামর্শ প্রদান করেন। এর পরপ্রতিনিধি দলটি পাইকোশা গ্রামের উদ্যোক্তা লিটন সরকারের তাঁত কারখানা পরিদর্শন করে তাঁত কারখানায় প্রস্তাবিত RECP বাস্তবায়নের অগ্রগতি পর্যবেক্ষণ করে তাদের সন্তোষ প্রকাশ করেন।

## ইআরসিসিপি প্রকল্প কর্তৃক অর্থ সহায়তা প্রদান




সহায়তা তুলে দিচ্ছেন সিরাজগঞ্জ সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. মনোয়ার হোসেন

জলবায়ু প্রভাবে আক্রান্ত মানুষদের সহনশীলতাবৃদ্ধি এবং এর প্রভাব মোকাবেলায় সক্ষমতাবৃদ্ধি Enhance Resilience Capacity of the Climate-Induced People (ERCCP) প্রকল্পের আওতায় অর্থ সহায়তা প্রদান করা হয়েছে। সিরাজগঞ্জ পৌরএলাকায় বাস্তবায়িত প্রকল্পটি দুস্থ মানুষের আয় বৃদ্ধিমূলক কার্যক্রমের মাধ্যমে জীবিকারমান উন্নয়নে এ অর্থ সহায়তা প্রদান। সিরাজগঞ্জ সদর উপজেলা হলরুমে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিরাজগঞ্জ সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. মনোয়ার হোসেন। এসময় এনডিপি থেকে প্রাপ্ত অনুদানের সঠিক ব্যবহারের জন্য উপকারভোগীদের নির্দেশনা প্রদান করেন। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন এনডিপি'র পরিচালক (প্রোগ্রাম ও প্ল্যানিং) এবিএম সাজ্জাদ হোসেন।

অনুষ্ঠানে ৬৭ জন উপকারভোগী সদস্যকে নগদ অর্থ প্রদানের পাশাপাশি সর্বমোট ১০০৬ জনকে বিকাশ ও নগদ ওয়ালেটের মাধ্যমে ৬০৯০ টাকা করে সর্বমোট ৬১ লক্ষ ২৬ হাজার টাকা প্রদান করা হয়। এসময় প্রকল্প ব্যবস্থাপক মো. ইউসুফ আলীসহ অন্যান্য কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, গতবছর প্রকল্পটির আওতায় সর্বমোট ৯৮৫ জনকে, জনপ্রতি ৫৮০০ টাকা করে ৫৭ লক্ষ ১৩ হাজার টাকা প্রদান করা হয়। ব্র্যাক এর ক্লাইমেট ব্রিজ ফান্ড (সিবিএফ) এর অর্থায়নে এবং KFW এর সহযোগিতায় সিরাজগঞ্জ পৌরসভার ০৩টি ওয়ার্ডের ১২টি স্লামে ইআরসিসিপি প্রকল্প কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে। পৌর এলাকায় ২ হাজার জন উপকারভোগী নিয়ে প্রকল্প কার্যক্রম বাস্তবায়ন করছে বেসরকারী সংস্থা এনডিপি।

## আন্তর্জাতিক নারী দিবস ২০২৫ উদযাপন




বক্তব্য দিচ্ছেন এনডিপি'র নির্বাহী পরিচালক মো. আলাউদ্দিন খান

৮ মার্চ ২০২৫, আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষ্যে ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) একটি বিশেষ আলোচনা সভার আয়োজন করে। এবারের নারী দিবসের প্রতিপাদ্য "অধিকার, সমতা, ক্ষমতায়ন, নারী ও কন্যার উন্নয়ন" যা নারীর অগ্রযাত্রার গুরুত্বকে নতুন করে স্মরণ করিয়ে দেয়।

এনডিপি'র প্রধান কার্যালয়ে আয়োজিত এই আলোচনা সভায় প্রতিষ্ঠানের উর্ধ্বতন কর্মকর্তা, প্রকল্প প্রধান এবং উন্নয়নকর্মী অংশগ্রহণ করেন। এতে বক্তব্য রাখেন এনডিপি'র পরিচালক (ঋণ সহয়তা কর্মসূচি) কর্মসূচি মোসলেম উদ্দিন আহমেদ, উপপরিচালক (মনিটরিং এন্ড ইভ্যালুয়েশন) কাজী মাসাদুজ্জামান ও উপ-পরিচালক (এডভোকেসি কমিউনিকেশন এন্ড ফান্ড রাইজিং) সানজিদা কাইয়ুম। সকলেই নারীর ক্ষমতায়ন, শিক্ষা, স্বাস্থ্য ও অর্থনৈতিক অগ্রগতির বিভিন্ন দিক নিয়ে আলোচনা করেন।

সভায় সভাপতি'র বক্তব্যে এনডিপি'র নির্বাহী পরিচালক মো. আলাউদ্দিন খান বলেন, "নারীর সমান সুযোগ নিশ্চিত না হলে টেকসই উন্নয়ন সম্ভব নয়। তাই আমাদের উচিত নারীদের জন্য আরও অন্তর্ভুক্তিমূলক ও নিরাপদ পরিবেশ তৈরি করা।" অনুষ্ঠানে নারীর ক্ষমতায়নে এনডিপি'র বিভিন্ন উদ্যোগ ও ভবিষ্যৎ পরিকল্পনা তুলে ধরা হয়। অংশগ্রহণকারীরা মতবিনিময় করেন এবং নারীর উন্নয়নে করণীয় বিষয়ে সুপারিশ প্রদান করেন। সভা পরিচালনা করেন এনডিপি'র প্রশিক্ষণ বিভাগের উপ ব্যবস্থাপক সোমা দাস।

## AA-Flood ও SRSP প্রকল্পের প্রোগ্রাম শেয়ারিং এবং ওরিয়েন্টেশন কনসাল্টেশন সভা

বিশ্ব খাদ্য কর্মসূচি (ডব্লিউএফপি) এর সহযোগিতায় ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডি-পি) কর্তৃক বাস্তবায়িত Anticipatory Action-Flood (AA-Flood) ও Shock Responsive Social Protection (SRSP) প্রকল্পের Programme Sharing and Orientation Consultation Meeting অনুষ্ঠিত হয়েছে। ১১ ফেব্রুয়ারি ২০২৫ তারিখে সিরাজগঞ্জ জেলা প্রশাসকের কার্যালয়ের শহীদ এ.কে. শামসুদ্দিন সম্মেলন কক্ষে এ আয়োজন করা হয়। সভায় সভাপতিত্ব করেন সিরাজগঞ্জ জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট মুহাম্মদ নজরুল ইসলাম। সভায় সিরাজগঞ্জ জেলার দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির ৪০জন সদস্য উপস্থিত ছিলেন। সভায় স্বাগত ব্যক্তব্য রাখেন এনডিপির পরিচালক (প্রোগ্রাম এন্ড প্ল্যানিং) এবিএম সাজ্জাদ হোসেন। সভার উদ্দেশ্য নিয়ে আলোচনা করেন এনডিপি'র উপ-পরিচালক (এমএন্ডই) কাজী মাসুদুজ্জামান। প্রকল্পের কার্যক্রম উপস্থাপন করেন প্রকল্প সমন্বয়কারী কামরুল আহসান। এছাড়াও সভায় অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) গনপতি রায়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এর উপ- পরিচালক আ: জা: মু: আহসান শহীদ সরকার, সহকারী কমিশনার রোমানা রিয়াজ, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার মো. হারুনর রশিদ ও জেলা দুর্যোগ কর্মকর্তা মো. আঃ বাছেদসহ অন্যান্য কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।




সভায় উপস্থিত আছেন সিরাজগঞ্জ জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট মুহাম্মদ নজরুল ইসলাম

## স্মার্ট-তাঁত উপ-প্রকল্পের অবহিতকরণ সভা




সভায় বক্তব্য দিচ্ছেন এনডিপি'র প্রতিষ্ঠাতা নির্বাহী পরিচালক মো. আলাউদ্দিন খান

সাসটেইনেবল মাইক্রো এন্টারপ্রাইজ এন্ড রেজিলিয়্যান্ট ট্রান্সফরমেশন (স্মার্ট) প্রকল্পের অবহিতকরণ সভা অনুষ্ঠিত হয়েছে। ১৪ জানুয়ারি ২০২৫ তারিখে সিরাজগঞ্জ জেলা প্রশাসন কার্যালয়ে আয়োজিত অবহিতকরণ সভায় সভাপতিত্ব করেন এনডিপি'র নির্বাহী পরিচালক মো. আলাউদ্দিন খান। এনডি-পর ঋণ সহায়তা কর্মসূচির পরিচালক মোসলেম উদ্দিন আহমেদ এর সঞ্চালনায় অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিরাজগঞ্জ জেলা প্রশাসক মুহাম্মদ নজরুল ইসলাম। সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) গনপতি রায়। এছাড়াও সভায় বিসিক এর ভারপ্রাপ্ত সহ. মহাব্যবস্থাপক মো. মাহবুবুল ইসলাম, পরিবেশ অধিদপ্তরের ইন্সপেক্টর তাঁত বোর্ড এর লিয়াঁজো অফিসার অমিত সরকার, সিরাজগঞ্জ প্রেসক্লাব সভাপতি হারুন-অর-রশিদ খান, স্থানীয় বিভিন্ন এনজিও'র প্রতিনিধি, স্থানীয় তাঁত উদ্যোক্তা, সাংবাদিক ও স্মার্ট-তাঁত প্রকল্প কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

সভার প্রধান অতিথি জেলা প্রশাসক মুহাম্মদ নজরুল ইসলাম তার বক্তব্যে বলেন, প্রকল্পটি সিরাজগঞ্জ জেলার তাঁত শিল্প উন্নয়নে অগ্রগামী ভূমিকা পালন করবে। পাশাপাশি তিনি পরিবেশবান্ধব উৎপাদনের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের নিমিত্তে দিক নির্দেশনা প্রদান করেন। স্থানীয় জেলা ও উপজেলা প্রশাসন প্রকল্প বাস্তবায়নের জন্য সার্বিক সহযোগিতা প্রদান করবেন বলে তিনি আশ্বস্ত করেন।

## জানুয়ারি-মার্চ ২০২৫ খ্রিষ্টাব্দ সময়ের মধ্যে যেসব প্রকল্প শুরু হয়েছে তার সংক্ষিপ্ত বিবরণ

| ক্রঃ নং | প্রকল্পের নাম | দাতা সংস্থার নাম | কর্ম এলাকা | সময়কাল | উদ্দেশ্য |
|---|---|---|---|---|---|
| ১. | Anticipatory Action RCT Project in Bangladesh | GiveDirectly (GD) | সিরাজগঞ্জ জেলার ০৪টি উপজেলা (সিরাজগঞ্জ সদর, কাজিপুর, চৌহালী ও শাহজাদপুর) | ১০ ফেব্রুয়ারি ২০২৫ থেকে ৩০ নভেম্বর ২০২৫ | এন্টিসিপেটরি অ্যাকশন বিষয়ক গবেষণা প্রকল্প - বাংলাদেশ একটি গবেষণা মূলক প্রকল্প। এই গবেষণা প্রকল্পে Randomized Controlled Trial (RCT) পদ্ধতির মাধ্যমে বন্যার পূর্বাভাস এবং আর্থিক সহায়তা প্রদানের সঠিক সময় ও কার্যকারিতা মূল্যায়ন করা হবে। |
| ২. | Nagorikata CEF-Empower Her Project | মানবাধিকার সংস্কৃতি ফাউন্ডেশন (এমএসএফ) | সিরাজগঞ্জ জেলার রায়গঞ্জ উপজেলার ০৯টি ইউনিয়ন | ০১ ফেব্রুয়ারি ২০২৫ থেকে ৩১ জুলাই ২০২৭ | প্রকল্পের মূল লক্ষ্য হলো কিশোরী ও নারীদের ক্ষমতায়ন নিশ্চিত করা, যাতে তারা সমাজে সক্রিয় ভূমিকা রাখতে পারে। এই উদ্দেশ্যে প্রকল্পটি সচেতনতা বৃদ্ধি, দক্ষতা উন্নয়ন, প্রয়োজনীয় সেবায় প্রবেশাধিকারের সুযোগ তৈরি এবং সামাজিক, অর্থনৈতিক ও নাগরিক ক্ষেত্রে তাদের অংশগ্রহণ বৃদ্ধিতে কাজ করে। |
| ৩. | Anticipatory Action Monsoon Flood Project 2025 | বিশ্ব খাদ্য কর্মসূচি | সিরাজগঞ্জ জেলার ০৬ টি উপজেলার (শাহজাদপুর, সিরাজগঞ্জ সদর, চৌহালী, কাজিপুর, বেলকুচি ও রায়গঞ্জ) ৪৭টি ইউনিয়ন | ০১ মার্চ ২০২৫ ইং হতে ৩১ জুলাই ২০২৫ | যার লক্ষ্য হলো বন্যা পূর্ববর্তী ঝুঁকি নিরূপণ, আগাম সতর্কতা ব্যবস্থা গ্রহণ এবং দুর্যোগ প্রস্তুতি কার্যক্রম শক্তিশালী করা। |

## জানুয়ারি-মার্চ ২০২৫ খ্রিষ্টাব্দ সময়ের মধ্যে যেসব প্রকল্প শেষ হয়েছে তার সংক্ষিপ্ত বিবরণ

| ক্রঃ নং | প্রকল্পের নাম | দাতা সংস্থার নাম | কর্ম এলাকা | সময়কাল | উদ্দেশ্য |
|---|---|---|---|---|---|
| ১. | Updating the Vulnerable Households Database of Sirajganj District | স্টার্ট বাংলাদেশ | সিরাজগঞ্জ জেলার ০২টি উপজেলা (সিরাজগঞ্জ সদর ও কাজিপুর) | ১৮ ডিসেম্বর ২০২৪ থেকে ২৮ ফেব্রুয়ারি ২০২৫ | সিরাজগঞ্জ জেলার ঝুঁকিপূর্ণ পরিবারের ডাটাবেস আপডেট করা, প্রকল্পের মধ্যে রয়েছে বিস্তারিত পরিকল্পনা, স্থানীয় কর্মীদের প্রশিক্ষণ, তথ্য সংগ্রহ, যাচাইকরণ, ডাটাবেস ইন্টিগ্রেশন, চলমান পর্যবেক্ষণ এবং লক্ষ্যবস্তু হস্তক্ষেপের জন্য সঠিক, হালনাগাদ তথ্য নিশ্চিত করার জন্য সম্প্রদায়ের সম্পৃক্ততা নিশ্চিত করা। |
| ২. | Start Ready Learning Grant | স্টার্ট নেটওয়ার্ক | সিরাজগঞ্জ জেলার ০১টি উপজেলা (কাজিপুর) | ১৮ ডিসেম্বর ২০২৪ থেকে ২৮ ফেব্রুয়ারি ২০২৫ | একটি ভিডিও ডকুমেন্টারি, একটি ফটো বুক ও একটি সংক্ষিপ্ত প্রভাব জরিপ তৈরি করা। |

## Resilience Innovation Programme এর উদ্যোগে দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির ToT



বক্তব্য দিচ্ছেন এনডিপি'র প্রতিষ্ঠাতা নির্বাহী পরিচালক মো. আলাউদ্দিন খান

বিশ্ব খাদ্য কর্মসূচি (WFP) এর সহযোগিতায় এবং ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) কর্তৃক বাস্তবায়িত Resilience Innovation Programme (SRSP, AA-Flood & Drought, and CRI) প্রকল্পের কর্মীদের জন্য "ToT on Disaster Management Committee (DMC) Orientation" অনুষ্ঠিত হয়েছে। ১৩ মার্চ ২০২৫ ইং তারিখে এনডিপির প্রধান কার্যালয়ের সম্মেলন কক্ষে আয়োজিত এ প্রশিক্ষণ কর্মশালার উদ্বোধন করেন সংস্থার নির্বাহী পরিচালক মোঃ আলাউদ্দিন খান। ToT-এর উদ্দেশ্য ও গুরুত্ব নিয়ে আলোচনা করেন সংস্থার উপ-পরিচালক (এমএন্ডই) কাজী মাসুদুজ্জামান।

ToT-এর বিভিন্ন সেশন পরিচালনা করেন- বিশ্ব খাদ্য কর্মসূচির প্রোগ্রাম অ্যাসোসিয়েট মোঃ আজাহারুল ইসলাম ও কুহু হাগিদক। প্রশিক্ষণের সমাপনী সেশনে উপস্থিত থেকে বক্তব্য প্রদান করেন এনডিপি'র পরিচালক (প্রোগ্রাম এন্ড প্ল্যানিং) এবিএম সাজ্জাদ হোসেন।

প্রশিক্ষণ কর্মশালার মাধ্যমে প্রকল্প সংশ্লিষ্ট কর্মীদের দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির কার্যক্রম পরিচালনায় দক্ষতা বৃদ্ধির পাশাপাশি বাস্তবমুখী জ্ঞান অর্জনের সুযোগ সৃষ্টি হয়েছে।

## সিরাজগঞ্জে হিউম্যান রাইটস ডিফেন্ডারস (এইচআরডি) নেটওয়ার্কের জেলা পর্যায়ে অ্যাডভোকেসি মিটিং



বক্তব্য দিচ্ছেন এনডিপির নির্বাহী পরিচালক এবং কনভেনার সিরাজগঞ্জ এইচআরডি নেটওয়ার্ক মোঃ আলাউদ্দিন খান

সংস্কৃতি ফাউন্ডেশন (এমএসএফ) এর সহযোগিতায় বাস্তবায়িত ডিফেন্ডিং হিউম্যান রাইটস থ্রো নেটওয়ার্ক স্টেন্দেনিং (ডিএইচআরএনএস) প্রকল্পের আওতায় সিরাজগঞ্জ জেলা পর্যায়ে এইচআর-ডি নেটওয়ার্কের সকল সদস্যদের নিয়ে অ্যাডভোকেসি সভা অনুষ্ঠিত হয়েছে। ১৩ মার্চ ২০২৫ তারিখে নর্থ টাউন রেস্টুরেন্ট এন্ড পার্টি সেন্টারে এ আয়োজন করা হয়। সভায় সভাপতিত্ব করেন এনডিপির নির্বাহী পরিচালক এবং সিরাজগঞ্জ এইচআরডি নেটওয়ার্ক এর কনভেনার মোঃ আলাউদ্দিন খান। সভা পরিচালনা করেন এনডিপির মনিটরিং এন্ড ইভ্যালুয়েশন বিভাগের উপপরিচালক এবং প্রকল্পের ফোকাল পারসন কাজী মাসুদুজ্জামান। সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিরাজগঞ্জ সদর থানার এসআই মোঃ শফিকুল গনি ও মোঃ শফিকুল। সভায় জানুয়ারি ২০২৫ থেকে ১২ মার্চ ২০২৫ পর্যন্ত সিরাজগঞ্জ জেলায় মানবাধিকার লংঘন জনিত ঘটনা নিয়ে আলোচনা করা হয়।

এরমধ্যে উল্লেখযোগ্য বেলকুচি উপজেলার দেলুয়া গ্রামের ১৩ বছরের মেয়েকে ভারতে পাচার ও বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের ঘটনা নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। তাছাড়া গত সভার রেজুলেশন পাঠ করা হয় এবং বিস্তারিত আলোচনার পর রেগুলেশনের সিদ্ধান্ত সমূহ যথাযথভাবে বাস্তবায়নের জন্য সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। সভায় সিরাজগঞ্জ এইচআরডি নেটওয়ার্কের সদস্য নরেশ চন্দ্র ভৌমিক, এ্যাডঃ শামীমা ইয়াসমিন রিমা, মোঃ আব্দুল বাতেন ভূইয়াসহ অনেকেই বক্তব্য রাখেন। সভার অতিথিবৃন্দ এই কার্যক্রমের প্রশংসা করে বলেন মানবাধিকার লংঘন জনিত ঘটনার সত্য উদঘাটন করার জন্য এইচআরডি নেটওয়ার্ক গুরুত্ব সহকারে কাজ করছে। তিনি আরো বলেন মানবাধিকার নিশ্চিত করার লক্ষ্যে আমরা সকলে নিজ নিজ জায়গা থেকে সক্রিয় ভূমিকা রাখার জন্য উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষণ করে এবং প্রধান অতিথির পক্ষ থেকে এইচআরডি নেটওয়ার্ককে সার্বিক সহযোগিতা করবেন বলে আশ্বস্ত করেন।

সভাটি যথাযথ ভাবে সফল করার জন্য সার্বিক সহযোগিতা করেন এনডিপির প্রতিবন্ধিতা ও শিক্ষা কর্মসূচির উপব্যবস্থাপক শিপন চন্দ্র নাগ। সভায় মানবাধিকার নিয়ে বিস্তারিত আলোচনা করেন মানবাধিকার সংস্কৃতি ফাউন্ডেশনের হিউম্যান রাইটস মনিটরিং অফিসার মোছাঃ তানিয়া খাতুন।

## প্রবীণ কল্যাণ কর্মসূচির উদ্যোগে প্রবীণদের মিলন মেলা



উপহার তুলে দিচ্ছেন সংস্থার উপ-পরিচালক (কর্মসূচি ও পরিকল্পনা) আবু নাঈম মো. জুবায়ের খান

সিরাজগঞ্জ জেলার কামারখন্দ উপজেলার বাগবাড়ি গ্রামে এনডিপির প্রধান কার্যালয়ে প্রবীণ কল্যাণ কর্মসূচির বার্ষিক মিলন মেলা অনুষ্ঠিত হয়েছে। ২২ ফেব্রুয়ারি ২০২৫ তারিখে এনডিপির নিজস্ব অর্থায়নে আয়োজিত এই বিশেষ অনুষ্ঠানে ৭০ জন প্রবীণ সদস্য অংশগ্রহণ করেন।

সকাল থেকেই মিলন মেলার উচ্ছ্বাস ছড়িয়ে পড়ে পুরো ক্যাম্পাসে। প্রবীণরা একে অপরের সঙ্গে পুরনো দিনের স্মৃতিচারণ করেন, হাসি-আনন্দে মেতে ওঠেন। অনুষ্ঠানের প্রধান অতিথি এনডিপির উপ-পরিচালক (কর্মসূচি ও পরিকল্পনা) আবু নাঈম মো. জুবায়ের খান উদ্বোধনী বক্তব্যে প্রবীণদের প্রতি এনডিপির অঙ্গীকার পুনর্ব্যক্ত করেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সহকারী পরিচালক (কর্মসূচি ও পরিকল্পনা) মো. মিজানুর রহমান এবং ব্যবস্থাপক (প্রশিক্ষণ) মো. সাখাওয়াত হোসেন। প্রবীণ সদস্য মো. আব্দুস ছাত্তার সভাপতিত্ব করেন এবং পুরো আয়োজনটি সঞ্চালনা করেন প্রবীণ কল্যাণ কর্মসূচির প্রোগ্রাম অফিসার সুরেশ চন্দ্র পাল।

মিলন মেলায় প্রবীণদের জন্য বিনোদনমূলক প্রতিযোগিতার আয়োজন করা হয়, যেখানে তারা বালিশ খেলা, ঝুড়িতে বল নিক্ষেপ, হাড়ি ভাঙা এবং লটারি খেলায় অংশ নেন। প্রতিযোগিতায় সবার অংশগ্রহণ মিলন মেলার আনন্দ আরও বাড়িয়ে তোলে। এরপর এক প্রাণবন্ত সাংস্কৃতিক অনুষ্ঠানে প্রবীণরা গান, কবিতা ও গল্প বলার মাধ্যমে নিজেদের অনুভূতি প্রকাশ করেন।

দিনব্যাপী এ আয়োজনে প্রবীণরা আনন্দঘন পরিবেশে উপভোগ করেন। অনেকেই জানান, এমন আয়োজন তাদের জীবনের গুরুত্বপূর্ণ একটি অংশ হয়ে উঠেছে। তারা এনডিপির প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন এবং ভবিষ্যতেও এ ধরনের উদ্যোগের আশা ব্যক্ত করেন। এনডিপি প্রবীণদের কল্যাণে কাজ করে যাচ্ছে এবং আগামীতেও তাদের জন্য এ ধরনের কার্যক্রম অব্যাহত রাখবে।

## আরএমটিপি প্রকল্পের অনলাইন দক্ষতা উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ




বক্তব্য দিচ্ছেন এনডিপির নির্বাহী পরিচালক মোঃ আলাউদ্দিন খান

IFAD ও DANIDA'র যৌথ অর্থায়নে বাস্তবায়নাধীন নিরাপদ মাংস ও দুগ্ধজাত পণ্যের বাজার উন্নয়ন উপ-প্রকল্প দেশের ক্ষুদ্র ও প্রান্তিক উদ্যোক্তা এবং কৃষকদের জন্য আয় বৃদ্ধিমূলক কার্যক্রম পরিচালনা করছে। প্রকল্পটির মূল লক্ষ্য হচ্ছে প্রযুক্তি হস্তান্তরের মাধ্যমে নিরাপদ ও পুষ্টিমানসমৃদ্ধ প্রাণিসম্পদ উৎপাদনে যুক্ত উদ্যোক্তাদের আর্থিক ক্ষমতায়ন এবং বাজারে তাদের অবস্থান সুদৃঢ় করা। এই লক্ষ্য পূরণের অংশ হিসেবে আরএমটিপি প্রকল্পের আওতায় উৎপাদিত পণ্যের ব্র্যান্ড ইমেজ গড়ে তোলা, পণ্যের প্রক্রিয়াজাতকরণ, সনদায়ন, বিপণন ও রপ্তানি সম্প্রসারণে বিভিন্ন উদ্যোগ গ্রহণ করা হয়েছে। তারই ধারাবাহিকতায় উদ্যোক্তাদের সোশ্যাল মিডিয়া ভিত্তিক মার্কেটিং দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে, যা তাদের ব্যবসায়িক প্রসারে সহায়ক ভূমিকা পালন করবে। ২০২৫ সালের ১৩ জানুয়ারি থেকে শুরু হওয়া এ প্রশিক্ষণ কর্মসূচির আওতায় প্রথম ধাপে সিরাজগঞ্জ সদর ও উল্লাপাড়া উপজেলার ২০ জন এলএসপি-কে প্রশিক্ষণ প্রদান করা হয়। পর্যায়ক্রমে বিভিন্ন ক্যাটেগরির ৪০০ জন উদ্যোক্তা এ প্রশিক্ষণে অংশগ্রহণ করবেন।

প্রশিক্ষণের উদ্দেশ্য হলো, আরএমটিপি ভ্যালু চেইন উপ-প্রকল্পভুক্ত উদ্যোক্তাদের উৎপাদিত পণ্যসমূহকে ফেসবুক, এক্স (টুইটার), ইউটিউব, ইনস্টাগ্রামসহ অন্যান্য সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার করে অনলাইনে প্রচার ও ব্র্যান্ডিং করার উপযোগী করে গড়ে তোলা। এর ফলে উদ্যোক্তারা শ্রেণি, বয়স ও ভৌগোলিক অবস্থান অনুযায়ী লক্ষ্যভিত্তিক প্রচারণা পরিচালনায় সক্ষম হবেন। পাশাপাশি তারা অনলাইন মার্কেটপ্লেস (ই-কমার্স, এফ-কমার্স) সম্পর্কে সম্যক ধারণা লাভ করবেন এবং ডিজিটাল প্ল্যাটফর্মে প্রবেশাধিকার বৃদ্ধি পাবে। প্রশিক্ষণের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এনডিপি'র নির্বাহী পরিচালক মোঃ আলাউদ্দিন খান। তিনি বলেন, "বর্তমানে অনলাইন মার্কেটিং পদ্ধতি অত্যন্ত জনপ্রিয় হয়ে উঠেছে। গ্রামীণ পর্যায়ের নারী ও যুব উদ্যোক্তারাও অনলাইন প্ল্যাটফর্ম ব্যবহার করে পণ্য বিক্রয় করছেন। আমি বিশ্বাস করি, আরএমটিপি প্রকল্পভুক্ত উদ্যোক্তারাও এই প্রশিক্ষণ গ্রহণের মাধ্যমে নিজেদের ব্যবসাকে আরও বিস্তৃত করতে পারবেন এবং আয় বৃদ্ধির পথে এগিয়ে যাবেন।"

## Anticipatory Action RCT Project in Bngladesh প্রকল্পের ইনসেপশন সভা

Give Directly (GD) এর সহযোগিতায় বাস্তবায়িত Anticipatory Action RCT Project in Bngladesh প্রকল্পের অবহিতকরণ সভা অনুষ্ঠিত হয়েছে। ৪ মার্চ ২০২৫ তারিখ, সিরাজগঞ্জ জেলার শাহজাদপুর উপজেলার শহিদ স্মৃতি কনফারেন্স রুমে আয়োজিত সভায় সভাপতিত্ব করেন শাহজাদপুর উপজেলার নির্বাহী কর্মকর্তা মোঃ কামরুজ্জামান। সভায় উপজেলার দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির ৩০ জন সদস্য উপস্থিত ছিলেন।

সভায় স্বাগত বক্তব্য প্রদান করেন এনডিপি'র উপ-পরিচালক (এমএন্ডই) কাজী মাসুদুজ্জামান। প্রকল্প সমন্বয়কারী মোঃ আবু শামীম এনডিপি বাস্তবায়িত বিভিন্ন কার্যক্রম নিয়ে বিস্তারিত উপস্থাপন করেন। একই সঙ্গে Give Directly (GD)এর পক্ষ থেকে মোঃ রাশেদুল ইসলাম প্রকল্পের লক্ষ্য ও বাস্তবায়ন পদ্ধতি তুলে ধরেন।

সভায় উন্মুক্ত আলোচনায় অংশ নিয়ে মূল্যবান মতামত প্রদান করেন উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, শাহ্জাদপুর থানার ইনচার্জ, উপজেলা কৃষি কর্মকর্তা এবং উপজেলা প্রকল্প কর্মকর্তা প্রমুখ। সভাপতি মোঃ কামরুজ্জামান প্রকল্পের সার্বিক দিকনির্দেশনা প্রদান করেন এবং এর সফল বাস্তবায়নের জন্য শুভকামনা জানান।




বক্তব্য দিচ্ছেন শাহজাদপুর উপজেলার নির্বাহী কর্মকর্তা মোঃ কামরুজ্জামান

## এক নজরে ঋণ সহায়তা কর্মসূচির অগ্রগতি

এনডিপি উন্নয়ন সহযোগী সংস্থার সাথে বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম বাস্তবায়ন করার পাশাপাশি ১৯৯৪ সাল থেকে ঋণ সহায়তা কর্মসূচি বাস্তবায়ন করছে। বিভিন্ন ব্যাংক ও পিকেএসএফ এর অর্থায়নে ১২২টি শাখার মাধ্যমে পরিচালিত হচ্ছে। এনডিপি কর্তৃক অর্জিত বর্তমান চিত্র নিচের ছকে তুলে ধরা হলো;

| ক্রঃ নং | বিবরণ | মার্চ' ২০২৫ | ক্রঃ নং | বিবরণ | মার্চ' ২০২৫ | ক্রঃ নং | বিবরণ | মার্চ' ২০২৫ |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | শাখার সংখ্যা | ১২২ | ৯ | মোট বকেয়া (কোটি টাকায়) | ২০.৯০ | ১৭ | কর্মী : ঋণী সদস্য | ১:২১৮ |
| ২ | মোট সদস্য জন | ১,৬৩,৫৬৫ | ১০ | ঋণ আদায়ের হার | ৯৯.৬৩% | ১৮ | সমিতি : সদস্য | ১:২৭ |
| ৩ | ক্রমপুঞ্জিভূত ঋণ বিতরন (কোটি টাকায়) | ৬৪০৫.৪০ | ১১ | On Time Realization ( OTR) | ৯৭.৯১% | ১৯ | সমিতি : ঋণী সদস্য | ১:২২ |
| ৪ | ক্রমপুঞ্জিভূত ঋণ আদায় (কোটি টাকায়) | ৫৬৫৪.২২ | ১২ | Liquidity Ratio | ৫.২৮% | ২০ | কর্মী : ঋণ স্থিতি (লাখ টাকায়) | ১:১২১.১৬ |
| ৫ | ঋণ স্থিতি (কোটি টাকায়) | ৭৫১.১৮ | ১৩ | Port folio At Risk | ৩.৯৩% | ২১ | ষ্টাফ : ঋণী সদস্য | ১:১১৮ |
| ৬ | সদস্যদের সঞ্চয় স্থিতি (কোটি টাকায়) | ২৪২.৩৬ | ১৪ | ক্রমপুঞ্জিভূত নীট তহবিল (কোটি টাকায়) | ২৮৫.১৪ | ২২ | কর্মী : সঞ্চয় স্থিতি (লাখ টাকায়) | ১:৩৯.০৯ |
| ৭ | Delinquent Ratio | ২.৭৮% | ১৫ | Debt : Equity | ১.৭৫:১ | | | |
| ৮ | ঋণী কভারেজ | ৮২.৭৮% | ১৬ | কর্মী : সদস্য | ১:২৬৪ | | | |

## SMART-ডেইরী প্রকল্পের আওতায় দিনব্যাপী স্টাফ অরিয়েন্টেশন ও প্রশিক্ষণ




বক্তব্য দিচ্ছেন নডিপির প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক মো. আলাউদ্দিন খান

বিশ্বব্যাংক ও পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর যৌথ অর্থায়নে এবং ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) কর্তৃক বাস্তবায়িত Sustainable Microenterprise and Resilient Transformation (SMART) Dairy প্রকল্পের আওতায় ১৫ ফেব্রুয়ারি ২০২৫ তারিখে এনডিপির প্রধান কার্যালয়ের কনফারেন্স রুমে একটি দিনব্যাপী স্টাফ অরিয়েন্টেশন ও প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এনডিপির প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক মো. আলাউদ্দিন খান। এছাড়াও উপস্থিত ছিলেন সংস্থার পরিচালক (কর্মসূচি ও পরিকল্পনা) ও SMART-ডেইরী প্রকল্পের ফোকাল পারসন এবিএম সাজ্জাদ হোসেন, পরিচালক (সিএসপি) মোসলেম উদ্দীন আহমেদ ও ঋণ সহায়তা কর্মসূচির ০৮টি শাখার কর্মকর্তাবৃন্দ। উল্লেখ্য, পাঁচ বছর মেয়াদি (২০২৩-২০২৮) SMART প্রকল্পের মূল লক্ষ্য হলো ক্ষুদ্র উদ্যোক্তাদের প্রযুক্তিনির্ভর, পরিবেশবান্ধব এবং 'সম্পদের কার্যকর ব্যবহার'-নির্ভর উৎপাদনের মাধ্যমে সবুজ প্রবৃদ্ধি অর্জনে সহায়তা করা। এই প্রকল্পের মাধ্যমে প্রক্রিয়াজাত, কৃষি ও সেবা খাতের ৮০,০০০ ক্ষুদ্র উদ্যোগে Resource Efficient and Cleaner Production (RECP) প্রযুক্তি বাস্তবায়নের লক্ষ্যে কাজ করা হচ্ছে। উদ্বোধনী বক্তব্যে নির্বাহী পরিচালক বিশ্বব্যাংক ও পিকেএসএফ-এর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন এবং বলেন, SMART-ডেইরী প্রকল্পের সফল বাস্তবায়নের মাধ্যমে কর্ম এলাকার ডেইরী শিল্পে টেকসই পরিবর্তন ও জীবিকায়ন উন্নয়ন সম্ভব হবে।

## কৃষি ইউনিটের উদ্যোগে জাতীয় নিরাপদ খাদ্য দিবস -২০২৫ উদ্‌যাপন

পিকেএসএফ এর সহযোগিতায় বাস্তবায়িত সমন্বিত কৃষি ইউনিটের আওতায় জাতীয় নিরাপদ খাদ্য দিবস-২০২৫ উদ্‌যাপিত হয়েছে। 'খাদ্য হোক নিরাপদ, সুস্থ্য থাকুক জনগণ' প্রতিপাদ্য বিষয় নিয়ে এবারের জাতীয় নিরাপদ খাদ্য দিবস উদ্‌যাপন করা হয়। দিবসটিকে কেন্দ্র করে বর্ণাঢ্য শোভাযাত্রা ও আলোচনা সভার আয়োজন করা হয়। এনডিপি'র পরিচালক (ঋণ সহায়তা কর্মসূচি) মোসলেম উদ্দিন আহমেদ এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন খামারবাড়ি-সিরাজগঞ্জ এর অতিরিক্ত উপপরিচালক মশকর আলী। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিরাজগঞ্জ সদর উপজেলার খাদ্য নিয়ন্ত্রক মোহাজের হাসান। এছাড়াও এনডিপি বাস্তবায়িত কৈশোর কর্মসূচির আওতাধীন ছেলেমেয়েরা এতে স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণ করেন।

আলোচনা সভায় বক্তারা নিরাপদ খাদ্যের গুরুত্ব ও প্রয়োজনীয়তা তুলে ধরেন এবং খাদ্য নিরাপত্তা নিশ্চিতে কৃষক, ব্যবসায়ী ও ভোক্তাদের সম্মিলিত উদ্যোগের ওপর জোর দেন। ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) এর এমন উদ্যোগ খাদ্য নিরাপত্তা ও জনস্বাস্থ্যের উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে সংশ্লিষ্টরা আশাবাদ ব্যক্ত করেন। আলোচনা সভা শেষে নিরাপদ খাদ্য দিবসের তাৎপর্যের উপর রচনা এবং কুইজ প্রতিযোগিতা আয়োজন করা হয় এবং ৬ জন বিজয়ী কিশোরীকে পুরস্কার প্রদান করা হয়।




বক্তব্য দিচ্ছেন খামারবাড়ি-সিরাজগঞ্জ এর অতিরিক্ত উপপরিচালক মশকর আলী

## ইসিসিসিপি (ড্রট) প্রকল্পের 'খরা সহিষ্ণু ফল ও ফসলের চাষাবাদ বিষয়ক প্রশিক্ষণ'



প্রশিক্ষণ প্রদান করছেন নওগাঁ সদর উপজেলার অতিরিক্ত কৃষি কর্মকর্তা মোহাম্মদ ফিরোজুল ইসলাম

গ্রীন ক্লাইমেট ফান্ড (GCF) এবং পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর আর্থিক ও কারিগরি সহায়তায় বাস্তবায়িত Extended Community Climate Change Project – Drought (ECCCP-Drought) এর আওতায় "খরা সহিষ্ণু ফল ও ফসলের চাষাবাদ বিষয়ক প্রশিক্ষণ" অনুষ্ঠিত হয়েছে। প্রশিক্ষণটি অনুষ্ঠিত হয় ০২ জানুয়ারি ২০২৫ তারিখে, নওগাঁ সদর উপজেলার হাপানিয়া ইউনিয়ন পরিষদে, যেখানে ECCCP-Drought প্রকল্পের দশম ব্যাচের CCAG সদস্যরা অংশগ্রহণ করেন। খরার প্রভাব মোকাবেলায় অংশগ্রহণকারীদের প্রাতিষ্ঠানিক ও কারিগরি দক্ষতা বৃদ্ধিই ছিল এই প্রশিক্ষণের মূল উদ্দেশ্য।

প্রশিক্ষণে প্রধান প্রশিক্ষক হিসেবে উপস্থিত ছিলেন নওগাঁ সদর উপজেলার অতিরিক্ত কৃষি কর্মকর্তা মোহাম্মদ ফিরোজুল ইসলাম। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন হাপানিয়া ইউনিয়ন পরিষদের ৮নং ওয়ার্ডের সদস্য মোহাম্মদ মিজানুর রহমান। প্রশিক্ষণে জলবায়ু পরিবর্তনের প্রভাব, নওগাঁ অঞ্চলে খরার তীব্রতা, ভূগর্ভস্থ পানির স্তর হ্রাস এবং কৃষিতে পানির সংকট নিয়ে বিস্তারিত আলোচনা হয়। প্রশিক্ষক মো. ফিরোজুল ইসলাম খরা সহিষ্ণু ধান (BARI-৫৬, ৫৭, ৬৬, ৭১, ৮৩), গম (BARI গম-৩৩), আম (BARI আম-০৪) ও বিভিন্ন সবজি চাষ সম্পর্কে বাস্তব ভিত্তিক পরামর্শ দেন। মনিটরিং ও ইভালুয়েশন অফিসার ননীগোপাল রায় জলবায়ু সহনশীল কৃষিপ্রযুক্তি, খরার ঝুঁকি মোকাবেলায় করণীয় ও অভিযোজন কৌশল নিয়ে অংশগ্রহণকারীদের সক্ষমতা বৃদ্ধির বিষয়ে আলোচনা করেন। প্রশিক্ষণে উপস্থিত কৃষকরা তাঁদের বাস্তব সমস্যার সমাধান পেয়ে সন্তোষ প্রকাশ করেন এবং এনডিপি ও প্রকল্প সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ জানান।

উল্লেখ্য, এনডিপি নওগাঁ সদর উপজেলার ৮টি ইউনিয়নে এই প্রকল্প বাস্তবায়ন করছে, যার মূল লক্ষ্য হলো ভূ-উপরিস্থ ও ভূ-গর্ভস্থ পানির সরবরাহ বৃদ্ধি, টেকসই কৃষি উৎপাদনের মাধ্যমে খরা-সহিষ্ণু জীবিকায়নের প্রসার এবং কৃষকদের জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবেলায় প্রস্তুত করা।

## নির্বাহী পরিচালকের পক্ষ হতে ঈদ উপহার



উপহার তুলে দিচ্ছেন এনডিপি'র প্রতিষ্ঠাতা নির্বাহী পরিচালক মো. আলাউদ্দিন খান

পবিত্র ঈদ-উল-ফিতর উপলক্ষে দরিদ্র মানুষের মাঝে ঈদ উপহার বিতরণ ও শুভেচ্ছা বিনিময় করেন এনডিপি'র প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক মোঃ আলাউদ্দিন খান। নির্বাহী পরিচালক মহোদয় এর স্ব-উদ্যোগে ২৭ মার্চ ২০২৫ তারিখে কামারখন্দ উপজেলার ঝাঐল ইউনিয়নের বাগবাড়ী গ্রামে ১৬০ জন এবং সিরাজগঞ্জ সদরে ৪০ জন, মোট ২০০ জন অসহায় পরিবারের হাতে এ উপহার তুলে দেয়া হয়। প্রত্যেক পরিবারকে ১০ কেজি সিদ্ধ চাল, ১ লিটার তেল, ১ কেজি চিনি, ৫০০ গ্রাম সেমাই, ১ কেজি ডাল, ১ কেজি লবন ও ১টি সুগন্ধি সাবান প্রদান করা হয়। বাগবাড়ী গ্রামে অবস্থিত নির্বাহী পরিচালক মহোদয়ের পৈত্রিক বাড়িতে উপহার সামগ্রী বিতরণ করা হয়। এসময় নির্বাহী পরিচালক মহোদয়ের জৈষ্ঠ্য পুত্র ও এনডিপি'র উপ-পরিচালক আবু নাঈম মো. জুবায়ের খান উপস্থিত ছিলেন। বিতরণকালে নির্বাহী পরিচালক মহোদয় বলেন, "এটি দান নয়, বরং আমার ব্যাক্তিগত পক্ষ থেকে আপনাদের জন্য সামান্য উপহার। ঈদ হলো আনন্দ ও সম্প্রীতির উৎসব, আর এই আনন্দ সকলের সঙ্গে ভাগাভাগি করাই আমাদের মানবিক দায়িত্ব। আপনারা সবাই ভালো থাকবেন, সুস্থ থাকবেন এবং ঈদের এই আনন্দ পরিবারের সঙ্গে উপভোগ করবেন। সমাজের যারা সামর্থ্যবান, তারা যদি একে অপরের পাশে দাঁড়ায়, তাহলে কোনো অসহায় মানুষ অভাব অনুভব করবে না। আপনারা আমাদের জন্য দোয়া করবেন।" এছাড়াও এনডিপি'র নির্বাহী পরিচালকের ব্যক্তি উদ্যোগে অসহায় ও দরিদ্র মানুষের মাঝে শাড়ী-কাপড়, লুঙ্গি ও নগদ অর্থ প্রদান করা হয়।

## সিআরইএ প্রকল্পের আওতায় 'ধর্ষকদের দৃষ্টান্তমূলক বিচারের দাবিতে' মানববন্ধন

কমিউনিটি ভিত্তিক জলবায়ু সহনশীলতা ও নারীর ক্ষমতায়ন (ক্রিয়া) প্রকল্পের জেন্ডার ইকুয়ালিটি এন্ড ক্লাইমেট এ্যালায়েন্স (জিকা) এর উদ্যোগে মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে। দেশব্যাপী শিশু ও নারীর প্রতি সহিংসতা প্রতিরোধে ১৯ মার্চ ২০২৫ তারিখে সিরাজগঞ্জ জেলার চৌরাস্তা মোড়ে এ আয়োজন করা হয়। সিরাজগঞ্জ জেলার রায়গঞ্জ উপজেলার ৮ বছরের শিশু এবং একই মাসে শাহজাদপুর উপজেলার ৪ বছরের শিশু আপন মামাতো ভাই কর্তৃক ধর্ষনের শিকার হয়েছে। এই বর্বর ঘটনার প্রতিবাদ এবং ধর্ষকদের দৃষ্টান্তমূলক বিচারের দাবিতে এই মানববন্ধন আয়োজন করা হয়।

মানববন্ধনে বক্তব্য রাখেন এনডিপি'র উপ পরিচালক কাজী মাসুদুজ্জামান, জেন্ডার ইকুয়ালিটি এন্ড ক্লাইমেট এ্যালায়েন্স (জিকা)'র সদস্য অ্যাডভোকেট মাহবুবে খোদা টুটুল, হুসনে আরা জলি, শিরিন ফেরদৌসি, মোঃ আশরাফুল আলম, টিপু সুলতান, বাতেন ভূঁইয়া, এনডিপি'র রিসার্চ অ্যান্ড ডকুমেন্টেশন বিভাগের ব্যবস্থাপক আতিকুর রহমান স্বাধীন ও এনডিপি'র জেন্ডার ফোকাল পারসন সোমা দাস।




আয়োজিত মানববন্ধনের অংশবিশেষ

এছাড়াও উক্ত মানববন্ধনে উপস্থিত ছিলেন জেন্ডার ইকুয়ালিটি এন্ড ক্লাইমেট এ্যালায়েন্স (জিকা)'র সদস্য শহিদুল ইসলাম, তাসমেরি হোসেন মুক্তি, গোলাম রব্বানী বাবু, রাজাপুর ও বড়ধুল ইউনিয়নের নারীদলের সদস্যবৃন্দসহ প্রকল্পের সকল ষ্টাফ। প্রসঙ্গত প্রকল্পটি সুইডেন সরকারের অর্থায়নে এবং মানুষের জন্য ফাউন্ডেশনের সহযোগিতায় সিরাজগঞ্জ জেলার বেলকুচি উপজেলার দুইটি ইউনিয়নে বাস্তবায়িত হচ্ছে।

## পাবনায় সমৃদ্ধি কর্মসূচির 'স্বাস্থ্য ক্যাম্প'




বক্তব্য দিচ্ছেন কৈটোলা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মো. মহশীন উদ্দিন

পল্লী কর্মসহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)-এর সার্বিক সহযোগিতায় ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) কর্তৃক বাস্তবায়িত সমৃদ্ধি কর্মসূচির আওতায় স্বাস্থ্য ক্যাম্প অনুষ্ঠিত হয়েছে। ২৫ মার্চ ২০২৫ তারিখে পাবনা জেলার বেড়া উপজেলার কৈটোলা ইউনিয়ন পরিষদে এ স্বাস্থ্য ক্যাম্পের আয়োজন করা হয়। ইউনিয়নের ১০টি গ্রামের দরিদ্র ও অসহায় মানুষের স্বাস্থ্যসেবা নিশ্চিত করা এবং তাদের আর্থিক ক্ষতি লাঘব করাই এই কার্যক্রমের মূল লক্ষ্য।

স্বাস্থ্য ক্যাম্পে তিনজন বিশেষজ্ঞ চিকিৎসক (নাক-কান-গলা, অর্থোপেডিক ও চক্ষু রোগ বিশেষজ্ঞ) ১৭১ জন অসহায় ও দরিদ্র রোগীকে বিনামূল্যে চিকিৎসা সেবা প্রদান করেন।

ক্যাম্পের শুভ উদ্বোধন করেন কৈটোলা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মো. মহশীন উদ্দিন। তিনি বলেন, "এনডিপি সমৃদ্ধি কর্মসূচির স্বাস্থ্য কার্যক্রমের মাধ্যমে এলাকার জনগণ বিশেষজ্ঞ চিকিৎসকদের সেবা পাচ্ছে, যা তাদের জন্য অনেক উপকার বয়ে এনেছে। এতে সময় ও খরচ সাশ্রয়ের পাশাপাশি চিকিৎসা সেবায় দীর্ঘসূত্রিতার ঝামেলা থেকেও তারা মুক্তি পাচ্ছেন।" তিনি স্বাস্থ্য ক্যাম্প বাস্তবায়নে সার্বিক সহযোগিতা করেন এবং এনডিপিকে ধন্যবাদ জানান।

ক্যাম্পে আরও উপস্থিত ছিলেন এনডিপি-সমৃদ্ধি কর্মসূচির উপজেলা সমন্বয়কারী চিন্ময় কুমার রায়, এরিয়া ম্যানেজার মো. রেজাউল করিম, শাখা ব্যবস্থাপক মো. জাহাঙ্গীর হোসেন, সহকারী উপজেলা সমন্বয়কারী মো. বাপ্পী সরকার, সমৃদ্ধি স্বাস্থ্য কর্মকর্তা মো. আমিনুল ইসলাম, স্বাস্থ্য পরিদর্শকসহ এনডিপির বিভিন্ন স্তরের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।

## Anticipatory Action Monsoon Flood Project 2025 প্রকল্পের ওরিয়েন্টেশন ও কনসালটেশন মিটিং



বক্তব্য দিচ্ছেন কাজিপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা দেওয়ান আকরামুল হক

বিশ্ব খাদ্য কর্মসূচির (WFP) আর্থিক সহায়তায় এবং ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি)-এর বাস্তবায়নে পরিচালিত Anticipatory Action Monsoon Flood Project-2025 এর আওতায় উপজেলা ইনসেপশন, প্রোগ্রাম শেয়ারিং ও ওরিয়েন্টেশন কনসালটেশন মিটিং অনুষ্ঠিত হয়েছে। ১০ মার্চ ২০২৫ তারিখে সিরাজগঞ্জ জেলার কাজিপুর উপজেলা পরিষদ হলরুমে সভাটি অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা দেওয়ান আকরামুল হক। সভা স্বাগত বক্তব্য প্রদান করেন প্রকল্পের উপজেলা সমন্বয়কারী সুপ্ত শেখর দাস। এসময় তিনি প্রকল্পের উদ্দেশ্য, বাস্তবায়ন কৌশল ও প্রত্যাশিত ফলাফল বিস্তারিত উপস্থাপন করেন। সভায় উপজেলা কৃষি কর্মকর্তা মোঃ শরিফুল ইসলাম, উপজেলা পিআইও মোঃ আব্দুর রাজ্জাক, স্থানীয় সরকার প্রতিনিধি, ইউনিয়ন পরিষদের সদস্যগণ ও সংশ্লিষ্ট স্টেকহোল্ডারবৃন্দ উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, প্রকল্পটি সিরাজগঞ্জ জেলার কাজিপুর উপজেলার ৮টি ইউনিয়নে বাস্তবায়িত হবে, যার লক্ষ্য হলো বন্যা পূর্ববর্তী ঝুঁকি নিরূপণ, আগাম সতর্কতা ব্যবস্থা গ্রহণ এবং দুর্যোগ প্রস্তুতি কার্যক্রম শক্তিশালী করা।

## কামারখন্দে সমৃদ্ধি কর্মসূচির আওতায় স্বাস্থ্যসেবা ক্যাম্প




চিকিৎসাসেবা প্রদান করছেন ডা. দীপক কুমার সাহা

পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)-এর সার্বিক সহযোগিতায় বাস্তবায়িত সমৃদ্ধি কর্মসূচির আওতায় সিরাজগঞ্জ জেলার কামারখন্দ উপজেলার ঝাঐল ইউনিয়নের ৭ নম্বর ওয়ার্ডের বালুকোল ইসলামিয়া দাখিল মাদ্রাসা প্রাঙ্গণে কমিউনিটি পর্যায়ের স্যাটেলাইট স্বাস্থ্য ক্যাম্প অনুষ্ঠিত হয়েছে।

ক্যাম্পের মূল লক্ষ্য ছিল প্রান্তিক দরিদ্র নারী, শিশু ও বয়স্ক জনগণের মাঝে স্বাস্থ্যসেবা পৌঁছে দেওয়া। ক্যাম্পের মাধ্যমে বিনামূল্যে প্রাথমিক চিকিৎসা, স্বাস্থ্য পরামর্শ এবং প্রয়োজন অনুযায়ী রোগ নির্ণয় ও প্রেসক্রিপশন প্রদান করা হয়। স্বাস্থ্যসেবা প্রদান করেন এনডিপি'র নিজস্ব অর্থায়নে পরিচালিত নাসিমা আলাউদ্দিন ডায়াগনস্টিক অ্যান্ড কনসালটেশন সেন্টার এর অভিজ্ঞ চিকিৎসক ডা. দীপক কুমার সাহা।

উল্লেখ্য, সিরাজগঞ্জের প্রত্যন্ত এলাকাগুলোর প্রান্তিক জনগণ, বিশেষত দরিদ্র নারী ও শিশুদের মাঝে স্বাস্থ্যসেবার সুযোগ সীমিত। এই প্রেক্ষাপটে সমৃদ্ধি কর্মসূচির উদ্যোগে এমন স্যাটেলাইট ক্যাম্প আয়োজন একটি প্রশংসনীয় পদক্ষেপ হিসেবে বিবেচিত হচ্ছে।

ক্যাম্পে আরও উপস্থিত ছিলেন সমৃদ্ধি কর্মসূচির সহকারী উপজেলা প্রোগ্রাম কো-অর্ডিনেটর জনাব সবুজ হোসেন, স্বাস্থ্য কর্মকর্তা নুসরাত জাহান এবং স্বাস্থ্য পরিদর্শক আদুরী খাতুন। তারা ক্যাম্পের সার্বিক ব্যবস্থাপনা, অংশগ্রহণকারীদের তথ্য সংগ্রহ এবং প্রয়োজনীয় সহায়তা প্রদানে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন।

এ সময় স্থানীয় জনগণ স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণ করে এবং এমন মানবিক ও সময়োপযোগী কার্যক্রম গ্রহণ করায় পিকেএসএফ ও এনডিপি'র প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। তারা আশাবাদ ব্যক্ত করেন, ভবিষ্যতেও এমন স্বাস্থ্যসেবামূলক কার্যক্রমের ধারাবাহিকতা বজায় থাকবে, যা প্রান্তিক জনগোষ্ঠীর সুস্বাস্থ্য নিশ্চিত করতে সহায়ক ভূমিকা রাখবে।

## আশা প্রকল্পের উদ্যোগে প্রাথমিক বিদ্যালয়ে শিশু বরণ ও মা সমাবেশ




বক্তব্য দিচ্ছেন চকনুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক সাবিহা সুলতানা

গণসাক্ষরতা অভিযানের সহযোগিতায় বাস্তবায়িত 'আশা প্রকল্প' এর আওতায় সিরাজগঞ্জ জেলার রায়গঞ্জ উপজেলার পাঙ্গাসী ইউনিয়নের শ্রীদাসগাতী সরকারি প্রাথমিক বিদ্যালয় ও চকনুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষা উপকরণ বিতরণ ও মা সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। ১৮ ফেব্রুয়ারি ২০২৫ তারিখে বিদ্যালয় দুটির স্ব স্ব শ্রেণিকক্ষে প্রাক্-প্রাথমিক পর্যায়ের মোট ৯২ জন শিশু শিক্ষার্থীকে আনুষ্ঠানিকভাবে শিক্ষা উপকরণ প্রদানের মাধ্যমে বরণ করে নেওয়া হয়। একই দিনে বিদ্যালয় চত্বরে মায়েদের অংশগ্রহণে একটি মা সমাবেশ অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব ও স্বাগত বক্তব্য প্রদান করেন উপজেলা সহকারী প্রাথমিক শিক্ষা কর্মকর্তা আফরোজ জাহান। বক্তব্য রাখেন শ্রীদাসগাতী ও চকনুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক সাবিহা সুলতানা এবং শিল্পী পারভীন। অনুষ্ঠান সঞ্চালনা করেন এনডিপি'র প্রতিবন্ধিতা ও শিক্ষা কর্মসূচির উপ-ব্যবস্থাপক শিপন চন্দ্র নাগ। সভায় বিদ্যালয় পরিচালনা কমিটি (এসএমসি), পিটিএ, স্লিপ ও স্যাক কমিটির সদস্যবৃন্দ, অভিভাবক এবং স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। সভায় বক্তারা বলেন, এই কার্যক্রম শিশুদের মধ্যে বিদ্যালয়মুখিতা বৃদ্ধি করবে এবং শিক্ষার পরিবেশকে আরও উন্নত করতে সহায়তা করবে। আলোচনায় শিশুদের জন্ম নিবন্ধন নিশ্চিত করা, নিয়মিত বিদ্যালয় উপস্থিতি বৃদ্ধি, ২০২৫ সালে ভর্তি-যোগ্য শিশুদের তালিকা করে বাড়ি বাড়ি গিয়ে ভর্তি নিশ্চিত করা, পরিস্কার-পরিচ্ছন্নতা বিষয়ে সচেতনতা বৃদ্ধি করা, শিক্ষকদের সঙ্গে অভিভাবকদের যোগাযোগ বৃদ্ধি এবং অভিভাবকদের মাধ্যমে বিদ্যালয় পরিদর্শনের গুরুত্ব দেয়ার বিষয়কে প্রাধান্য দেয়া হয়।

## আলোকিত গ্রাম কর্মসূচি'র উদ্যোগে শিক্ষা উপকরণ বিতরণ



স্কুল ব্যাগ তুলে দিচ্ছেন এনডিপি'র উপপরিচালক (কর্মসূচি ও পরিকল্পনা) আবু নাঈম মো. জুবায়ের খান

এনডিপি'র নিজস্ব অর্থায়নে পরিচালিত আলোকিত গ্রাম কর্মসূচির উদ্যোগে দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের মাঝে শিক্ষা উপকরণ বিতরণ করা হয়েছে। সোমবার (২৪ ফেব্রুয়ারি) উপজেলার ঝাঐল ইউনিয়নের আওতাধীন চারটি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের মাঝে স্কুল ব্যাগসহ প্রয়োজনীয় শিক্ষা উপকরণ বিতরণ করা হয়। এই কর্মসূচির আওতায় রিজিয়া মকছেদ সরকারি প্রাথমিক বিদ্যালয়, বাগবাড়ি সরকারি প্রাথমিক বিদ্যালয়, বালুকোল সরকারি প্রাথমিক বিদ্যালয় এবং চরবড়ধুল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মোট ২০০ জন দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীকে শিক্ষা সামগ্রী প্রদান করা হয়।

শিক্ষা উপকরণ বিতরণ উপলক্ষে রিজিয়া মকছেদ সরকারি প্রাথমিক বিদ্যালয়ে এক আনুষ্ঠানিকতার আয়োজন করা হয়। এতে সভাপতিত্ব করেন আলোকিত গ্রাম কর্মসূচির কেন্দ্রীয় কমিটির সভাপতি ও সাবেক উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান মো. আ. মান্নান সেখ। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এনডিপি'র উপপরিচালক ও এনডিপি ফিড-এর মহাব্যবস্থাপক আবু নাইম মো. জুবায়ের খান। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য দেন এনডিপি'র সহকারী পরিচালক (প্রোগ্রাম অ্যান্ড প্ল্যানিং) মো. মিজানুর রহমান এবং সাবেক প্রধান শিক্ষক মো. আনোয়ার হোসেন খান। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন চারটি বিদ্যালয়ের প্রধান শিক্ষকবৃন্দ ও অন্যান্য শিক্ষক-শিক্ষিকাবৃন্দ। অনুষ্ঠান সঞ্চালনা করেন আলোকিত গ্রাম কর্মসূচির প্রোগ্রাম অফিসার সুরেশ চন্দ্র পাল। প্রসঙ্গত এনডিপি'র নিজস্ব অর্থায়নে পরিচালিত আলোকিত গ্রাম কর্মসূচি মূলত শিক্ষা, স্বাস্থ্য ও সামাজিক উন্নয়নের লক্ষ্যে পরিচালিত একটি বিশেষ উদ্যোগ। কামারখন্দ উপজেলার ঝাঐল ইউনিয়নের চারটি গ্রামে (বাগবাড়ী, লাহিড়ীবাড়ী, বালুকোল ও চর বড়ধুল) বাস্তবায়িত হচ্ছে। এর মাধ্যমে দরিদ্র ও সুবিধাবঞ্চিত শিক্ষার্থীদের মাঝে শিক্ষা উপকরণ বিতরণ, শিক্ষা সহায়তা প্রদান এবং শিক্ষার মানোন্নয়নে নানা কার্যক্রম পরিচালিত হচ্ছে।

## কৃষি ইউনিটের প্রাণিসম্পদ পরামর্শ কেন্দ্র

পিকেএসএফ এর সার্বিক সহযোগিতায় বাস্তবায়িত সমন্বিত কৃষি ইউনিটর প্রাণিসম্পদ খাতের উদ্যোগে প্রাণিসম্পদ পরামর্শ কেন্দ্র অনুষ্ঠিত হয়েছে। ০৭ জানুয়ারি, ২০২৫ তারিখে এনডিপি'র ফুলকোচা শাখার রাঙ্গালিয়াগাতী গ্রামে এ আয়োজন করা হয়। এতে অঞ্চলের পঞ্চাশ জন খামারি উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে প্রধান পরামর্শক হিসেবে উপস্থিত ছিলেন সিরাজগঞ্জ সদর উপজেলা প্রানিসম্পদ কর্মকর্তা ডাঃ আলমগীর হোসেন। এছাড়াও এনডিপি'র প্রাণিসম্পদ কর্মকর্তা ডাঃ মোঃ সাজ্জাদ হোসেন, এনডিপি ফুলকোচা শাখা ব্যবস্থাপক তাপস কুমার ও সহকারি প্রাণিসম্পদ কর্মকর্তা মোঃ সবুজ হোসেন উপস্থিত ছিলেন। প্রাণিসম্পদ বিষয়ক নতুন প্রযুক্তি সম্পর্কিত জ্ঞান, রোগের প্রতিরোধ ব্যবস্থা এবং প্রাণিসম্পদের উদ্ভূত যে কোন সমস্যার সমাধানে বিশেষজ্ঞ পরামর্শ প্রদানের জন্য প্রাণিসম্পদ পরামর্শ কেন্দ্রের সভা আয়োজন করা হয়।



বক্তব্য দিচ্ছেন সিরাজগঞ্জ সদর উপজেলা প্রানিসম্পদ কর্মকর্তা ডাঃ আলমগীর হোসেন

অনুষ্ঠানে এনডিপির ফুলকোচা শাখার শাখা ব্যবস্থাপক তাপস কুমার উন্নয়নমূলক বিভিন্ন কর্মসূচি এবং সহজ শর্তে ক্ষুদ্র ঋন সুবিধা ও সঞ্চয়ের কথা তুলে ধরেন। কৃষি ইউনিটের প্রাণিসম্পদ খাতের প্রাণিসম্পদ কর্মকর্তা ডাঃ মোঃ সাজ্জাদ হোসেন গবাদি প্রাণির খামার ব্যবস্থাপনা, কৃমিনাশক ও টিকার বিষয়ে আলোচনা করেন। সিরাজগঞ্জ সদর উপজেলা প্রানিসম্পদ কর্মকর্তা ডাঃ আলমগীর হোসেন বিভিন্ন রোগের কারন ও সমস্যা প্রতিরোধে ব্যবস্থা গ্রহন আলোচনা করেন। এসময় তিনি প্রাণিসম্পদ বিষয়ে খামারীদের জিজ্ঞাসার প্রেক্ষিতে যথাযথ তথ্য সরবরাহ করেন।

উল্লেখ্য দেশের প্রাণিসম্পদের উৎপাদন বৃদ্ধি এবং খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে প্রাণিসম্পদ কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট অধিক সংখ্যক খামারীদের দোরগোড়ায় প্রয়োজনীয় তহবিল এবং লাগসই প্রাণিসম্পদ ভিত্তিক প্রযুক্তি ও সেবাসমূহ পৌঁছানোর উদ্দেশ্যকে সামনে রেখে পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) কৃষি ইউনিট গঠন করে।

## প্রতিবন্ধী ও প্রবীণ ব্যক্তিদের জন্য নাসিমা আলাউদ্দিন হাসপাতালে চক্ষু ক্যাম্প




চিকিৎসা সেবা প্রদান করছেন সিনিয়র অফথ্যালমিক প্যারামেডিক ও অপটুমেট্রিস্ট মোঃ ইউনুস আলি ইকবাল

এনডিপি'র নিজস্ব অর্থায়নে বাস্তবায়িত প্রতিবন্ধিতা ও উন্নয়ন কর্মসূচি'র উদ্যোগে প্রতিবন্ধী ও প্রবীণ ব্যক্তিদের জন্য বিনামূল্যে চোখের ছানি অপারেশন ও বিশেষ চক্ষু ক্যাম্প অনুষ্ঠিত হয়েছে। ২১ জানুয়ারী ২০২৫ তারিখে নাসিমা আলাউদ্দিন ডায়াগনস্টিক এন্ড কনসালটেশন সেন্টারে চক্ষু ক্যাম্পটি অনুষ্ঠিত হয়। নাসিমা আলাউদ্দিন ডায়াগনস্টিক এন্ড কনসালটেশন সেন্টার ও প্রফেসর এম.এ. মতিন মেমোরিয়াল বিএনএসবি বেজ আই হসপিটাল এর সার্বিক সহযোগিতায় পরিচালিত ক্যাম্পটিতে অর্থ সহায়তা প্রদান করেছেন আন্তর্জাতিক উন্নয়ন সংস্থা সাইটসেভার্স ।

আয়োজিত ক্যাম্পটির মাধ্যমে ২২ জন প্রতিবন্ধী এবং ১৫৩ জন প্রবীণ ব্যক্তিকে সেবা প্রদান করা হয়। এছাড়াও তাদের প্রত্যেককে চশমা এবং ঔষধ দেওয়া হয়েছে। একইসাথে ৫ জন পুরুষ এবং ১৪ জন প্রবীন নারীর চোখের ছানি অপারেশনের জন্য সিরাজগঞ্জ চক্ষু হসপিটালে ভর্তি করা হয়েছে। যা ২২ জানুয়ারী ২০২৫ তারিখে সিরাজগঞ্জ চক্ষু হসপিটালের নিজস্ব ভবনে বাস্তবায়ন করা হয়। ক্যাম্পটির শুভ উদ্বোধন করেন নাসিমা আলাউদ্দিন ডায়াগনস্টিক এন্ড কনসালটেশন সেন্টারের সিনিয়র মেডিকেল অফিসার ডা. দীপক কুমার সাহা। পরিচালনায় ছিলেন এনডিপির প্রতিবন্ধিতা ও শিক্ষা কর্মসূচির উপব্যবস্থাপক শিপন চন্দ্র নাগ। উদ্বোধনীতে বিএনএসবি হসপিটালের প্রতিনিধি সহকারী ব্যবস্থাপক টি.এম. মাহমুদুল হাসান এবং এনডিপি বাগবাড়ী শাখার শাখা ব্যবস্থাপক এসএম জাকিরুল ইসলাম, কোনাবাড়ী শাখার শাখা ব্যবস্থাপক মোঃ মোমিনুল হক সহ এনডিপির স্বাস্থ্য কর্মসূচির স্বাস্থ্য সহকারী স্বপ্না দত্ত ও মোছাঃ শামিমা খাতুন উপস্থিত ছিলেন।

## জেন্ডার এন্ড রাইটস্ কর্মসূচির কমিউনিটি লিডারশীপ ওয়ার্কশপ



বক্তব্য দিচ্ছেন সংস্থার সহকারী পরিচালক (কর্মসূচি ও পরিকল্পনা) মো. মিজানুর রহমান

এনডিপি এর নিজস্ব অর্থায়নে পরিচালিত জেন্ডার এন্ড রাইটস্ কর্মসূচির আয়োজনে 'কমিউনিটি লিডারশীপ ওয়ার্কশপ' অনুষ্ঠিত হয়েছে। ২০ মার্চ ২০২৫ তারিখে, এনডিপি প্রধান কার্যালয়ে প্রশিক্ষণ কেন্দ্রে দিনব্যাপি এ কর্মশালার আয়োজন করা হয়। কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিরাজগঞ্জ জেলা লিগ্যাল এইড অফিসার ও সিনিয়র সহকারী জজ মো. সাদ্দাম হোসেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কামারখন্দ উপজেলা সমাজসেবা কর্মকর্তা মো. আব্দুল মোতালিব, উপজেলা কো-অডিনেটর গ্রাম আদালত শাকিলা সরকার ও জেলা জজ কোর্ট এর বিজ্ঞ আইনজীবি মাহবুব-এ-খোদা টুটুল। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন এনডিপি'র প্রতিষ্ঠাতা নির্বাহী পরিচালক মো. আলাউদ্দিন খান।
এনডিপি'র ব্যবস্থাপক (প্রশিক্ষণ) মো. সাখাওয়াত হোসেন খান এর পরিচালনায় অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন এনডিপি'র সহকারী পরিচালক (কর্মসূচি ও পরিকল্পনা) মো. মিজানুর রহমান। কর্মশালায় বাল্য বিবাহ, যৌতুক, নারী নির্যাতন, নারীর অধিকার, গ্রাম আদালত ও আইনগত সহায়তা কমিটির দায়িত্ব-কর্তব্য নিয়ে আলোচনা করা হয়। অনুষ্ঠানে অংশগ্রহণকারী হিসেবে উপস্থিত ছিলেন কামারখন্দ উপজেলার সকল ইউনিয়নের চেয়ারম্যান, পুলিশ কর্মকর্তাবৃন্দ, ইউপি সদস্য, শিক্ষকমন্ডলী, ম্যারেজ রেজিস্টার, পুরোহিত ও গণ্যমান্য ব্যক্তিবর্গ। অনুষ্ঠান পরিচালনায় সার্বিক সহযোগিতা করেন উপ-ব্যবস্থাপক (প্রশিক্ষণ) সোমা দাস ও প্রোগ্রাম অফিসার সুরেশ চন্দ্র পাল। কর্মশালা শেষে সকলের অংশগ্রহণে একটি কর্ম-পরিকল্পনা তৈরী করা হয়। কর্ম-পরিকল্পনায় প্রত্যেকটি স্কুলে বাল্যবিবাহ নিরোধ কমিটি গঠনসহ যৌতুক, ইভটিজিং ও কিশোর গ্যাং এর কার্যক্রম রোধে বিভিন্ন প্রস্তাবনা প্রদান করা হয়।

## এলআরএমপি প্রকল্পের গাভী পালন ও ফডার উৎপাদনের খামার দিবস

মাঠ পর্যায়ে খামারিদের আধুনিক ও বৈজ্ঞানিক পদ্ধতিতে গাভী পালন ও ঘাস উৎপাদনে আগ্রহ সৃষ্টির লক্ষ্যে ফুলবাড়ী গ্রামে গাভী পালন ও ফডার উৎপাদন বিষয়ক খামার দিবস উদযাপিত হয়েছে। পিকেএসএফ এর আর্থিক সহায়তায় এবং এনডিপি'র আয়োজনে শিয়ালকোল শাখার অন্তর্গত ফুলবাড়ী গ্রামে দিবসটির আয়োজন করা হয়। এতে প্রায় নব্বই জন খামারি উপস্থিত ছিলেন।
অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি ইউনিটের প্রাণিসম্পদ কর্মকর্তা ডাঃ মোঃ সাজ্জাদ হোসেন। এছাড়াও কৃষি ইউনিটের সমন্বয়কারী কৃষিবিদ আব্দুল হালিম, এনডিপির এরিয়া ম্যানেজার আনিসুর রহমান, শাখা ব্যবস্থাপক বেলাল আহমেদ, সহকারী প্রাণিসম্পদ কর্মকর্তা মোঃ সবুজ হোসেন, সহকারী কৃষি কর্মকর্তা হাফিজুর রহমান উপস্থিত ছিলেন।
খামার দিবসের মূল উদ্দেশ্য ছিল উত্তম ব্যবস্থাপনা চর্চার মাধ্যমে গাভী পালন ও উচ্চ পুষ্টিগুণ সম্পন্ন ফডার উৎপাদনে খামারিদের উদ্বুদ্ধ করা। অনুষ্ঠানে এনডিপির এরিয়া ম্যানেজার আনিসুর রহমান উন্নয়নমূলক বিভিন্ন কর্মসূচি এবং সহজ শর্তে ক্ষুদ্র ঋণ ও সঞ্চয় সুবিধা সম্পর্কে আলোচনা করেন। প্রাণিসম্পদ কর্মকর্তা ডাঃ মোঃ সাজ্জাদ হোসেন গাভীর উন্নত ব্যবস্থাপনা, উন্মুক্ত পদ্ধতিতে ডে শেল্টারে গাভী পালন, সুষম খাদ্য ব্যবস্থাপনা, রোগ প্রতিরোধ ও টিকা, উন্নত জাতের ঘাস চাষ ইত্যাদি বিষয়ে দিক নির্দেশনা প্রদান করেন।



বক্তব্য দিচ্ছেন এনডিপির এরিয়া ম্যানেজার আনিসুর রহমান

## শিক্ষা সহায়তা কর্মসূচির ত্রৈমাসিক সমন্বয় সভা




বক্তব্য দিচ্ছেন প্রতিবন্ধিতা ও শিক্ষা কর্মসূচির উপব্যবস্থাপক শিপন চন্দ্র নাগ

সংস্থার নিজস্ব অর্থায়নে পরিচালিত শিক্ষা সহায়তা কর্মসূচির আওতায় সিরাজগঞ্জ ও কুড়িগ্রাম জেলায় ২২টি শিক্ষা কেন্দ্র বাস্তবায়িত হচ্ছে। প্রতিটি কেন্দ্রে ৪০ জন করে ছাত্র-ছাত্রী এবং ১ জন করে শিক্ষিকা রয়েছেন। এই ২২টি শিক্ষা কেন্দ্রের শিক্ষিকাদের অংশগ্রহণে ২৭ ফেব্রুয়ারি ২০২৫ তারিখে এনডিপি মাসুমপুর শাখা কার্যালয়ে ত্রৈমাসিক সমন্বয় সভার আয়োজন করা হয়। সভায় সভাপতিত্ব করেন এনডিপি-এর প্রতিবন্ধিতা ও শিক্ষা কর্মসূচির উপব্যবস্থাপক শিপন চন্দ্র নাগ এবং সভা পরিচালনা করেন প্রোগ্রাম অ্যাসোসিয়েট এস. এম. সোহেল রানা। সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিএসপি জোনাল ম্যানেজার গোলাম মোস্তফা।
সমন্বয় সভায় ছাত্র-ছাত্রীদের নিয়মিত উপস্থিতি নিশ্চিতকরণ, পাঠদানের মানোন্নয়ন, শিক্ষার্থীদের মধ্যে শিক্ষার প্রতি আগ্রহ সৃষ্টি, প্রতি মাসে মা সমাবেশে মায়েদের অংশগ্রহণ নিশ্চিতকরণসহ একাধিক গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা হয়।
এছাড়াও সেভগার্ডিং ইস্যু এবং প্রতিটি শিক্ষা কেন্দ্রকে শিশু বান্ধব ও বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থীদের উপযোগী করে গড়ে তোলার বিষয়ে গুরুত্বারোপ করা হয়। সভাটি শিক্ষার গুণগত মানোন্নয়ন ও কার্যক্রমের সমন্বয় সাধনে একটি গুরুত্বপূর্ণ উদ্যোগ হিসেবে বিবেচিত হয়।

NDP
# এনডিপি বার্তা
জানুয়ারি-মার্চ, ২০২৫। সংখ্যা ৪৩। বর্ষ ১৭

## ‘মিল্ক ফর স্কুল’ কার্যক্রমের আওতায় ১২৫০ ছাত্র-ছাত্রীকে স্কুল ব্যাগ বিতরণ

বিডি সেফ বিফ এন্ড গোট ভ্যালু চেইন প্রোগ্রাম এর উদ্যোগে বাস্তবায়িত ‘মিল্ক ফর স্কুল’ কার্যক্রমের আওতায় প্রাথমিক বিদ্যালয়ের ১২৫০ জন ছাত্র-ছাত্রীদের স্কুল ব্যাগ বিতরণ কার্যক্রমের উদ্বোধন করা হয়েছে। শক্তি দই ও হেইফার ইন্টারন্যাশনাল (কোরিয়া) এর যৌথ উদ্যোগে কার্যক্রমের শুভ উদ্বোধন করেন উল্লাপাড়া উপজেলা নির্বাহী অফিসার আবু সালেহ্ মোহাম্মদ হাসনাত। ১৫ জানুয়ারি ২০২৫ তারিখে সিরাজগঞ্জ জেলার উল্লাপাড়া উপজেলার আওতাধীন উত্তর মোহনপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়ে এ আয়োজন করা হয়। এনডিপি’র নির্বাহী পরিচালক মো. আলাউদ্দিন খান এর সভাপতিত্বে অনুষ্ঠানে শুভেচ্ছা বক্তব্য প্রদান করেন হেইফার ইন্টারন্যাশনাল বাংলাদেশ এর কান্ট্রি ডিরেক্টর নুরুন নাহার। এসময় এনডিপি’র নির্বাহী পরিচালক বলেন, "এ ধরনের উদ্যোগে ছাত্র-ছাত্রীদের শিক্ষা এবং শারীরিক বিকাশে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। আমরা আশা করি, এই কার্যক্রমের মাধ্যমে প্রতিটি ছাত্র-ছাত্রীকে একটি স্বাস্থ্যকর এবং সমৃদ্ধিশালী ভবিষ্যত নিশ্চিত করা সম্ভব হবে।"



স্কুল ব্যাগ তুলে দিচ্ছেন উল্লাপাড়া উপজেলা নির্বাহী অফিসার আবু সালেহ্ মোহাম্মদ হাসনাত

শুভেচ্ছা বক্তব্যে হেইফার ইন্টারন্যাশনাল বাংলাদেশ এর কান্ট্রি ডিরেক্টর বলেন, আমরা ২০২৩ এর সেপ্টেম্বর মাসে ৩টি সরকারী প্রাথমিক বিদ্যালয় নিয়ে ‘মিল্ক ফর স্কুল’ কার্যক্রম শুরু করেছিলাম এবং বর্তমানে ৫টি প্রাথমিক বিদ্যালয়ে কার্যক্রমটি নিয়মিতভাবে বাস্তবায়িত হচ্ছে। আমি বিশ্বাস করি, সরকারের সহযোগিতায় এই কার্যক্রম আরও বিস্তৃত হবে এবং দেশের বিভিন্ন অঞ্চলে এটি ছড়িয়ে পড়বে।" অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে মূল্যবান বক্তব্য প্রদান করেন হেইফার ইন্টারন্যাশনাল (কোরিয়া) এর এক্সিকিউটিভ ডিরেক্টর Ms. Haewon Lee, উল্লাপাড়া উপজেলা শিক্ষা কর্মকর্তা মো. সানোয়ার হোসেন ও গ্রামীণ ডানোন ফুডস্ লিমিটেড এর সিনিয়র এক্সিকিউটিভ নাসিতাত বিনতে আলম। উল্লাপাড়া উপজেলা শিক্ষা কর্মকর্তা মো. সানোয়ার হোসেন তাঁর বক্তব্যে বলেন, "শিক্ষার মান উন্নয়নে এমন কার্যক্রমগুলো অত্যন্ত সহায়ক। ছাত্র-ছাত্রীদের শারীরিক সুস্থতা নিশ্চিত করা শিক্ষার অঙ্গ, তাই এই ধরনের উদ্যোগগুলো আমাদের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ।" দিনব্যাপি বিভিন্ন আয়োজনের মধ্যে দিয়ে অনুষ্ঠানটি সম্পন্ন করা হয়।


### কনফারেন্স রুম ও ট্রেনিং রুম ভাড়া

- সভা কক্ষ (এসি) : ৮,০০০.০০ টাকা
- প্রশিক্ষণ কক্ষ (এসি) : ৪,০০০.০০ টাকা

### খাবারের মূল্য তালিকা

| | |
|---|---|
| সকালের নাস্তা | : ৭০ টাকা (রুটি/পরটা/খিচুড়ি, মিক্সড ভেজিটেবল/ডাল, ডিম ও চা) |
| লাঞ্চ/ডিনার | : (১৯০ টাকা প্লেন রাইস, চিকেন/মাটন/ফিস, মিক্সড ভেজিটেবল এবং ল্যান্টল সুপ) |
| নাস্তা | : ৩০ টাকা (সিঙ্গারা/সামুচা, কেক ও চা) |
| চা | : ১০ টাকা (প্রতি কাপ) |
| কফি | : ৩০ টাকা (প্রতি কাপ) |
| কোমল পানীয় | : ৬০ টাকা (২৫০ মিলি ক্যান)/ ৩০ টাকা (২৫০ মিলি বোতল) |
| দই | : ৪৫ টাকা (১০০ গ্রাম) |
| মিনারেল ওয়াটার | : ২০ টাকা (৫০০ মিলি বোতল) |

সরকারি বিধি মোতাবেক ভ্যাট ও সার্ভিস চার্জ যুক্ত হবে।
আলোচনা সাপেক্ষে যে কোন স্পেশাল ডিস সার্ভ করা হয়।

### ডাইনিং সুবিধা

৯০ জন গেষ্ট ধারণ ক্ষমতা সম্পন্ন একটি সুসজ্জিত ডাইনিং রুম এবং ৩৬ জন গেষ্ট ধারণ ক্ষমতা সম্পন্ন শীতাতপ নিয়ন্ত্রিত একটি ডাইনিং রুম।

### ডরমেটরী

| | | | |
|---|---|---|---|
| সুপার ডিলাক্স | : | ৪,৫০০.০০ | টাকা (কুইন বেড) |
| ডিলাক্স (এসি) কক্ষ | : | ২,০০০.০০ | টাকা (ডাবল বেড) |
| লাক্সারি (এসি) কক্ষ | : | ১,৫০০.০০ | টাকা (সিঙ্গেল বেড) |
| এসি (ভিআইপি) কক্ষ | : | ১,২০০.০০ | টাকা (ডাবল বেড) |
| সাধারণ কক্ষ (নন এসি) | : | ৬০০.০০ | টাকা (ডাবল বেড) |

### বুকিং সুবিধা ঃ

প্রশিক্ষণ সুবিধার জন্য ১৫ দিন আগে বুকিং করা যায়। লিখিত বুকিং অগ্রাধিকার দেওয়া হয়। ই- মেইলএ যোগাযোগ করা যেতে পারে। বুকিং বাতিল করতে ন্যূনতম ৭ দিন আগে জানাতে হবে।

### অন্যান্য সুবিধা ঃ

- কম্পিউটার / ল্যাপটপ
- মাল্টিমিডিয়া প্রোজেক্টর
- সাউন্ড সিস্টেম
- ইন্টারনেট
- টেলিফোন
- ফটোকপি ও বাইন্ডিং
- গাড়ি ভাড়া



যোগাযোগ ঃ
ব্যবস্থাপক (প্রশিক্ষণ কেন্দ্র)
এনডিপি প্রধান কার্যালয়, বাগবাড়ি, শহীদ নগর, কামারখন্দ, সিরাজগঞ্জ-৬৭০৩
টেলিফোন: ০৯৬৩৯১০০৬০০, মোবাইল ঃ ০১৭১৩-৩৮৩১০৬
ই-মেইল: tcm@ndpbd.org | ওয়েবসাইট :www.ndpbd.org